পথপ্রদর্শক

প্রভু আপনাকে আশীর্বাদ করুন, ভাই নেভিল।

আজ রাতে মন্ডলীতে আবার ফিরে আসতে পেরে খুবই আনন্দিত। শুধু গলার আওয়াজটা একটু রুক্ষ। যদিও, আজ সকালের বার্তা এক প্রকারের দীর্ঘ ছিল, আর আমি আনন্দিত যে এটা এখানে ছিল। আর এটা নিয়ে এসে, আমিও নিজে আনন্দ উপভোগ করেছি, আর আমি আশা করি আপনারা এটা শুনে আনন্দ পেয়েছেন। [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদক।]

2 এখন ভুলে যাবেন না, সবসময় এটা মনে রাখবেন, যে এই সকল বিষয় খ্রীষ্টের দাসকে গড়ে তোলে। দেখুন, আগে বিশ্বাস, তারপর সদ্‌গুণ। আর এখন মনে রাখবেন, যতক্ষণ না এই বিষয়গুলি পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হয় পবিত্র আত্মা ঈশ্বরের গৃহকে আবৃত করতে পারে না। আপনি যা কিছু করুন না কেন, দেখুন। এই বিষয়গুলি খ্রীষ্টের দেহ তৈরি করে, দেখুন, এই বিষয়গুলি। এখন, সেটা ভুলে যাবেন না, যে *এখানে* এটা হল প্রথম, আপনার বিশ্বাস। সদ্‌গুণ, জ্ঞান আর এইভাবে, যোগ করতে হবে, যতক্ষণ না খ্রীষ্টর কাঠামো প্রকাশ পায়, তারপর পবিত্র আত্মা তার উপরে এসে এক দেহ হিসাবে মুদ্রাঙ্কিত করবে। এই বিষয়গুলি অবশ্যই হওয়া উচিত। অতএব, যীশু বলেছেন, "তোমরা তাহাদের ফল দ্বারাই তাহাদিগকে চিনিতে পারিবে।" দেখুন, ফল! যতক্ষণ পর্যন্ত আপনার মধ্যে এই বিষয়গুলি না পাওয়া যায় আপনি ফল দিতে পারেন না। আর তখন যখন এই সকল বিষয়গুলি সাংসারিকতার এবং—এবং অধার্মিকতার স্থান নেয়, আর এইভাবে, তখন সকল অবিশ্বাস বেরিয়ে যায়, তখন পৃথিবীর সমস্ত সাংসারিক জিনিস শেষ হয়ে যায়, তখন খ্রীষ্টের মধ্যে একটি নতুন প্রাণী ছাড়া আর কিছুই থাকে না। আর ইফিষীয় ৪:৩০ বলে, "আর ঈশ্বরের সেই পবিত্র আত্মাকে দুঃখিত করিও না, যাঁহার দ্বারা তোমরা মুক্তির দিনের অপেক্ষায় মুদ্রাঙ্কিত হইয়াছ।" ঈশ্বরের রাজ্যে মুদ্রাঙ্কিত! এখন, এটা ভুলে যাবেন না। এটা এখন মনে রাখবেন, *এই* বিষয়গুলি প্রথমে গ্রহণ করুন। তারপর পবিত্র আত্মা দ্বারা মোহর করা হয়, সেই শিখর যেটা আমাদেরকে সেই শরীরের ভিতরে মোহর করে। ঠিক আছে।

3 আমরা বোন লিটলের জন্য এখন একটি—একটি অনুরোধ এসেছে, শিকাগো থেকে, তার স্বামীর একটি গাড়ি দুর্ঘটনায় হয়েছে

এবং তিনি মৃত্যুর মুহূর্তে শয়ন করছেন, বোন লিটল। আর এডিথ রাইট, আমাদের ছোট বোন এখানে যে আমরা এত দিন ধরে জানি, সে খুব, খুব খারাপ, আজ রাতে তার বাড়িতে, এবং তারা মন্ডলীর কাছে এটা ঘোষণা করতে চেয়েছিল যাতে আমরা সকলে একত্রে এই অনুরোধের জন্য প্রার্থনা করতে পারি। আর এখন আসুন আমরা এক মুহূর্তের জন্য মাথা নত করি।

4 আমাদের মূল্যবান, স্বর্গীয় পিতা, আমরা এখানে একত্রিত হয়েছি (বিশ্বাসের দ্বারা) আপনার সিংহাসনের চারদিকে, আর আমরা এই সকল অনুরোধগুলোর জন্য ঐশ্বরিক করুণা প্রার্থনা করছি। ভাই লিটল, একটি গাড়ি দুর্ঘটনায়, মৃত্যুর কাছাকাছি। ঈশ্বর, তাকে সাহায্য করুন। পবিত্র আত্মা তার শয্যার পাশে অবস্থান করুন এবং তাঁকে আমাদের কাছে ফিরিয়ে আনুন, প্রভু। আর সেখানে ছোট এডিথ রাইট, আমি প্রার্থনা করি, ঈশ্বর, পবিত্র আত্মা আজ রাতে তার বিছানার পাশে থাকবে এবং তার স্বাস্থ্য আবার তার কাছে ফিরিয়ে আনবে। এটা প্রদান করুন, পিতা। আপনি এই বিষয়গুলি প্রতিশ্রুতি দিয়েছেন, এবং আমরা এটা বিশ্বাস করি। আমরা আজ সকালে যেমন ভেবেছিলাম, যে আপনার কাছে দূরত্ব মানে কিছুই না, আপনি পৃথিবীর কোন এক অংশে যতটা শক্তিমান আপনি পৃথিবীর অন্য অংশে ততটাই শক্তিমান, কারণ আপনি সর্বব্যাপী, সর্বশক্তিমান, এবং অনন্ত। আর আমরা প্রার্থনা করি, পিতা, আপনি যীশু খ্রীষ্টের নামে এই নিবেদন প্রদান করবেন। আমেন।

5 আজ রাতে আরো একবার এখানে উপস্থিত হওয়ার জন্য আমি খুবই আনন্দিত, আর...আর আমি জানি এখানে প্রচণ্ড গরম। এই পরপর তিনটি সভা, আর এটা...আমি জানি আপনাদের মধ্যে থেকে অনেকে এখন আর সকালে প্রায় পাঁচশ মাইল গাড়ি চালাবেন। আর আগামীকাল, আমাকে প্রায় চৌদ্দশ মাইল গাড়ি চালাতে হবে। তাই, তাই আমি—আমি বিশ্বাস করি যে আপনাদের সকলের জন্য এটা একটা খুব ভালো সময় ছিল। আর আপনাদের সকলের সাথে দেখা করার জন্য আমারও এটা খুব ভালো সময় ছিল। একটি বিষয় আমরা অনুরোধ করেছি, এখানে কোন জায়গা না থাকার জন্য অনেককেই ফিরিয়ে দিতে হয়েছে, আমরা আইলগুলি খুব বেশি জ্যাম করতে পারি না, দমকল বিভাগ এর জন্য স্থির থাকবে না। তাই আমরা চেষ্টা করছি একটু বড় গীর্জা ঘর নেওয়ার জন্য, যাতে যখন আমরা এখানে আসবো, আমরা লোকদের জন্য বসার জায়গা করতে পারি।

6 আর এখন, যে কোন সময়, আপনারা এই ট্যাবারনাকেলে স্বাগত, যেখানে খ্রীষ্ট ছাড়া আমাদের কোন ধর্ম নেই, প্রেম ছাড়া আর কোন আইন নেই, বাইবেল ছাড়া আর কোন বই নেই। আর তাই...এবং আমাদের পালক এখানে ভাই অরমান নেভিল। আর আমাদের এখানে অনেক—অনেক লোকের শ্রোতারা প্রায় একটি আন্তঃমহাদেশীয় ভজনালয় হয়ে জড়ো হয়েছেন, যেখানে আপনারা এসে আপনার নিজের বিবেকের নির্দেশ অনুযায়ী এখানে ঈশ্বরের উপাসনা করেন। আমরা সব সময় আপনাদের পেয়ে খুশি। আর আপনারা যখন পারবেন তখন আসুন, আমরা সব সময় আপনাদের পেয়ে খুশি।

7 আর এখন আগামীবার, আপনাদের সঙ্গে একত্রিত হওয়ার জন্য, যতদূর আমি জানি, গির্জা তৈরী শেষ হওয়ার পর হবে। আর তারপরে আমি চাই, *মণ্ডলীর যুগের* পরে, তারপর আমরা সেখানে শেষ সপ্ত *মুদ্রায়* যেতে চাই, আর সেই সাত শেষ *মুদ্রা* প্রকাশিত বাক্যে, সেটা শেখানোর জন্য।

8 আর এখন অনেক সময় অসুস্থ এবং পীড়িতরা আসেন, আর এই সভাগুলিতে, যেখানে দর্শনের প্রয়োজন হয়, আর বিশেষ সাক্ষাৎকারের জন্য আসেন। যদি আমি এতে প্রবেশ করি, তাহলে আমি—আমি তাদের মধ্যে পার্থক্য খুজে পাই না, আর, না, তার পরে কথা বলা আমার পক্ষে কঠিন হয়ে যায়। আর সবাই জানেন যে আমাদের নিরাময় সভায়, মিস্টার বক্সটার বা কেউ সাধারণত প্রচার করে থাকেন, এবং আমি অসুস্থদের জন্য প্রার্থনা করতে বেরিয়ে আসি, কারণ এটা কিছুটা শ্রমসাধ্য। আর কিছু মুহূর্ত আগে আমি কিছু লোকের জন্য প্রার্থনা করছিলাম, আর তখন আমি এখানে একটি ছোট শিশুর সাথে দেখা করলাম যে ডাক্তাররা...তার পিছনে কিছু একটা, কোনভাবে জন্ম নিয়েছে। বেরিয়ে এসে, আমি দেখি সে মেঝের উপর বসে আছে। সেই শিশুকে কখনোই এই রকম পঙ্গু হতে হবে না, সে ভাল হতে চলেছে। অবশ্যই, এটা, দেখুন। এটা, আমি এটা জানি। দেখুন, আমি এই ব্যাপারে ইতিবাচক। তাই আমরা বিশ্বাস রাখতে চাই এবং ঈশ্বরের উপর বিশ্বাস করতে চাই।

9 আপনারা প্রত্যেকে, এবং আপনারা অনেকেই আমার কাছে অপরিচিত, সকল সেবক আরও অনেকে। যদি আমি ভুল না করি, তিনি ভাই ক্রেস। এটা কি ঠিক ? ভাই ক্রেস, আমি—আমি আপনার কাছে ক্ষমাপ্রার্থী, উৎসর্গের জন্য সেখানে না যেতে পেরে। হয়তো আমি একটি সপ্তাহান্তের সভায় সেখানে যাব, ঠিক ততটাই ভালো। ঠিক আছে ? ব্লুমিংটনে। আপনি কি ভালো আছেন ? ভালো। এখানে

এই ভাইদের মধ্যে কেউ কেউ সেবক আছেন, আমার মনে হয়। আপনি কি একজন সেবক ? হ্যাঁ, মহাশয়। প্রভু আপনাকে আশীর্বাদ করুন। আর কতজন সেবক ভবনে আছেন, আপনাদের হাত দেখি। ঠিক আছে, সেটা ঠিক আছে। আপনাদেরকে এখানে পেয়ে আমরা আনন্দিত, খুব খুশি। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন !

10 এখন, যাতে আমরা তাড়াতাড়ি বেরিয়ে যেতে পারি, তাদের মধ্যে কেউ কেউ জর্জিয়া, টেনেসিতে যাচ্ছেন, নিউইয়র্ক, সর্বত্র, আজ রাত থেকে, আজ রাত থেকে শুরু করে। এখন, রাস্তায় সাবধানে গাড়ি চালাবেন। যদি আপনার ঘুম পায়, আপনি মোটেল এ যেতে চান না, রাস্তার পাশে গাড়ি দাঁড় করিয়ে ঘুমোন যতক্ষন না আপনি...আমি এই ভাবেই করে থাকি। দেখুন, রাস্তার পাশে গাড়ি দাঁড় করিয়ে ঘুমোন। চালাবেন না, ঘুমন্ত অবস্থায় গাড়ি চালাবেন না। এটা একটা খারাপ জিনিস। আর, মনে রাখবেন, এটা আপনি নন, পরবর্তী ব্যক্তিকে আপনাকে দেখতে হবে। দেখুন ? আপনি জানেন যে আপনি কোথায় যাচ্ছেন, আপনি জানেন না সে কোথায় যাচ্ছে, তাই—তাই আপনাকে সেই লোকটিকে দেখতে হবে। সুতরাং, নিশ্চিত থাকুন যে আপনি সর্বদা সতর্ক থাকবেন, এটা দেখার জন্য।

11 এখন, আমি আজ রাতে যোহন লিখিত সুসমাচার থেকে একটি অংশ পড়তে চাই। এখন, এই ছোট শাস্ত্র পাঠ যেটা আমরা পড়ি এবং উল্লেখ করি, আমরা কি বলার চেষ্টা করছি তার জন্য আমাদের একটি ভিত্তি প্রদান করে। আর সর্বদা, আমি একবারও পাইনি, যেমনটা আমার মনে আছে, পুলপিঠে এসে, শুধু বলার জন্য কিছু বলার চেষ্টা করেছি। আমি সব সময় অপেক্ষা করার চেষ্টা করি, পর্যবেক্ষণ করি, অধ্যয়ন করি, প্রার্থনা করি, যতক্ষণ না আমি অনুভব করি যে আমার কাছে এমন কিছু আছে যা মানুষকে সাহায্য করবে। যদি আমি সাহায্য করতে না পারি, তাহলে আমার এখানে দাঁড়ানোর কোন প্রয়োজন নেই, দেখুন। হল, সাহায্য করার চেষ্টা করি ! আর আজ রাতে, অবশ্যই, আমাদের ভিড়ের বড় অংশ আজ সকালে চলে গেছে, আর তাদের অনেককে বাড়ি যেতে হয়েছিল। কিন্তু, আজ রাতে, আমি আপনাদেরকে বলেছিলাম যদি আপনারা থাকেন তবে আমরা প্রায় পঁয়তাল্লিশ মিনিটের মত কথা বলার চেষ্টা করবো এমন কিছু বিষয় নিয়ে যা আমি আশা করি আমাদের সাহায্য করবে। আর আমরা এখন এটা যোহন লিখিত সুসমাচার, তার ১৬তম অধ্যায়ের উপর ভিত্তি করে করবো, এবং আসুন ১৬তম অধ্যায়ে তার—তার ৭ পদ থেকে পড়া শুরু করে, আর তার—তার ১৫ পদ পর্যন্ত পাঠ করি।

তথাপি আমি তোমাদিগকে সত্য বলিতেছি, আমার যাওয়া তোমাদের পক্ষে ভাল: কারণ আমি না গেলে, সেই সহায় তোমাদের নিকটে আসিবেন না; কিন্তু আমি যদি যাই, তবে তোমাদের নিকটে তাঁহাকে পাঠাইয়া দিব।

আর তিনি আসিয়া পাপের সম্বন্ধে, ধার্ম্মিকতার সম্বন্ধে ও বিচারের সম্বন্ধে, জগৎকে দোষী করিবেন।

পাপের সম্বন্ধে, কেননা তাহারা আমাতে বিশ্বাস করে না;

ধার্ম্মিকতার সম্বন্ধে, কেননা আমি পিতার নিকটে যাইতেছি, ও তোমরা আর আমাকে দেখিতে পাইতেছ না;

বিচারের সম্বন্ধে, কেননা এ জগতের অধিপতি বিচারিত হইয়াছে।

তোমাদিগকে বলিবার আমার আরও অনেক কথা আছে, কিন্তু তোমরা এখন সে সকল সহ্য করিতে পার না।

পরন্তু তিনি, সত্যের আত্মা, যখন আসিবেন, তখন পথ দেখাইয়া তোমাদিগকে সমস্ত সত্যে লইয়া যাইবেন; কারণ তিনি আপনা হইতে কিছু বলিবেন না, কিন্তু যাহা যাহা শুনেন, তাহাই বলিবেন: এবং আগামী ঘটনাও তোমাদিগকে দেখাইবেন।

কারণ, *তিনি আমাকে মহিমান্বিত করিবেন: কেননা যাহা আমার, তাহাই লইয়া তোমাদিগকে* দেখাইবেন।

পিতার যাহা যাহা আছে—*আছে, সকলই আমার; এই জন্য বলিলাম, যাহা আমার, তিনি তাহাই লইয়া থাকেন, ও তোমাদিগকে দেখাইবেন।*

12 এখন এই ১৩তম পদে। "পরন্তু তিনি, সত্যের আত্মা, যখন আসিবেন, তখন পথ দেখাইয়া তোমাদিগকে সমস্ত সত্যে লইয়া যাইবেন। সত্যের আত্মা যখন আসিবেন, তখন পথ দেখাইয়া তোমাদিগকে সমস্ত সত্যে লইয়া যাইবেন।" সত্য কি ? বাক্য। "কারণ তিনি বলবেন, তিনি নিজের থেকে কথা বলবেন না; কিন্তু তিনি যা শুনেন, তিনি বলবেন। তিনি যা শুনেন, তিনি বলবেন।" অন্য কথায়, তিনি সেই ব্যক্তি হবেন তিনি বিষয়গুলি উদঘাটন করবেন, আপনারা দেখুন। আর ইব্রীয় ৪র্থ অধ্যায়, বাইবেল বলে যে "কেননা ঈশ্বরের বাক্য সমস্ত দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ন, সমস্ত দ্বিধার খড়্গ অপেক্ষা শক্তিশালী, এবং—এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।" দেখুন, "তিনি যা শুনেন, তিনি বলবেন, আর তিনি

আপনাকে আসন্ন বিষয়গুলি দেখাবেন।" দেখুন? এটা কি করতে যাচ্ছে? পবিত্র আত্মা যিনি প্রভু যীশুর নামে আসবেন।

13 আর আমি পরবর্তী কয়েক মিনিট সময় নিয়ে "পথপ্রদর্শক" শব্দটির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, *পথপ্রদর্শক*। আপনারা জানেন, আমার বনে বেশ কিছু অভিজ্ঞতা আছে। একজন পথপ্রদর্শক, এমন একজন ব্যক্তি আপনাকে চারপাশ দেখানোর জন্য। আপনি কোথায় যাচ্ছেন যখন আপনি তা জানেন না তখন আপনার একজন পথপ্রদর্শক থাকতে হবে। শিকার, এবং চারপাশের বিশ্বের সাথে পরিচিত হওয়ায়, আমি পথপ্রদর্শকদের সাথে দেখা করার সেই—সেই সুযোগ পেয়েছি। এবং আমি নিজে, কলোরাডোতে একজন পথপ্রদর্শক, কারণ প্রদেশ সম্পর্কে আমার জানা আছে, গবাদি পশু লালন পালন, এইভাবে আরো, তাই আমি কলোরাডোতে পথপ্রদর্শন করতে পারি।

14 এখন, একজন পথপ্রদর্শকে পথ জানতে হবে। তাকে জানতে হবে যে সে কোথায় যাচ্ছে এবং সে কি করছে, এবং রাস্তায় আপনার যত্ন কিভাবে নিতে হবে। দেখুন? তাকে দেখতে হবে যেন আপনি হারিয়ে না যান। একজন পথপ্রদর্শক হলেন একজন নির্বাচিত ব্যক্তি। রাজ্য এই ব্যক্তিকে বেছে নেয় যদি সে একজন পথপ্রদর্শক হয়। আর, এখন, বনে ভ্রমণে যাওয়ার সময়, যেখানে সম্ভবত আপনি যেতে অভ্যস্ত নন, আপনার পক্ষে তাদের একজন ছাড়া সেখানে যাওয়া ভালো নয়। সত্যি বলতে, এমন কিছু জায়গা রয়েছে যেখানে আপনি তাদের একজন ছাড়া যেতেও পারবেন না, উদাহরণস্বরূপ, কানাডা। সেই—সেই পথপ্রদর্শকে গেম ওয়ার্ডেনের কাছে আপনার লাইসেন্সে স্বাক্ষর করতে হবে। তাকে নিজেকে স্বাক্ষর করতে হবে, এবং তিনি আপনার জন্য দায়ী। যদি আপনার কিছু হয়ে যায়, এটা তার দায়িত্ব। তাকে আপনার যত্ন নিতে হবে। তাকে দেখতে হবে যেন আপনি হারিয়ে না যান। তাকে নিশ্চিত হতে হবে যে তিনি আপনাকে এমন কোন স্থানে পাঠাবেন না যেখান থেকে আপনি আপনার ফেরার পথ জানেন না। আর যদি আপনি হারিয়ে যান, তাকে সেই প্রদেশটি এত ভালোভাবে জানতে হবে যেন সে যেকোনো সময় আপনাকে সেখান থেকে নিয়ে আসতে পারেন। তাকে এই সমস্ত বিষয় জানতে হবে নতুবা সে পথপ্রদর্শক হতে পারবেন না, তাকে পথপ্রদর্শক হওয়ার লাইসেন্স দেওয়া যাবে না।

15 এই বিষয়গুলির জন্য, কখনও কখনও আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্টও নিতে হবে, আগে কল করে এবং ব্যবস্থা করে, রিজার্ভেশন করে বাইরে বের হওয়ার জন্য। আর যদি আপনার...

মাঝে মাঝে সে ভরে যায় আর সে আপনাকে নিতে পারে না, পার্থিব পথপ্রদর্শক এর—এর জন্য আপনাকে কিছুক্ষণ এটা বন্ধ রাখতে হবে। আপনাকে ঈশ্বরের পথপ্রদর্শকের জন্য এটা করতে হবে না, তিনি সর্বদা প্রস্তুত, সর্বদা প্রস্তুত।

16 এখন, যদি আপনি এই প্রস্তুতিগুলি না নিয়ে থাকেন, এবং আপনি বনে ভ্রমণ করার চিন্তা করছেন যেখানে আপনি আগে যান নি, আপনি হারিয়ে যেতে পারেন, এবং প্রাণ হারাতে পারেন। আপনার এক শতাংশ সুযোগ রয়েছে বন থেকে বেরিয়ে আসার জন্য, অর্থাৎ, যদি এটা খুব ঘন না হয়, তবে আপনার নিজের থেকে বেরিয়ে আসার জন্য এক শতাংশ সুযোগ থাকতে পারে। কিন্তু যদি এটা খুব ঘন বনভূমি হয়ে থাকে, ফিরে আসার জন্য, আপনার কোনো সুযোগ নেই। এটা করার কোনও উপায় নেই, কারণ আপনি নিজে মৃত্যুর পথে হেঁটেছেন, এবং তারপর আপনি—আপনি শেষ, তারপর আপনি শেষ। এখন, এবং আপনি মারা যাবেন যদি আপনি এমন একজন পথপ্রদর্শক না নিয়ে থাকেন যিনি প্রদেশটিকে এবং কীভাবে ফিরে আসতে হয় তা জানেন।

17 আপনারা অনেকেই গত বছর টুকসন, অ্যারিজোনায়, সেই ছেলেদের স্কাউট সম্পর্কিত নিবন্ধটির তার সাথে পরিচিত। যদিও, তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছিল কিভাবে নিজেদের যত্ন নিতে হবে, তারা স্কাউট ছিল। আর তারা শিশু স্কাউট ছিল না, তারা পূর্ণ স্কাউট ছিল। এবং তারা পাহাড় ভ্রমণে যায়, আর একটি তুষারঝড় আসে, প্রকৃতি তার অবস্থান পরিবর্তন করে। আর যখন তারা বুঝতে পারে তারা হারিয়ে গেছে এবং সকলে মারা যায়, কারণ তারা...কিছু, নিয়মিত রুটিন থেকে যদি পরিবর্তন আসে, তারা জানত না কিভাবে বেরিয়ে আসতে হবে। দেখুন ? আর আমি ভুলে গেছি যে পাহাড়ে কতজন ছেলে মারা গিয়েছিল, যদিও তাদের কাছে হেলিকপ্টার, আর সৈন্যবাহিনী, আর ন্যাশনাল গার্ড, আর স্বেচ্ছাসেবকদের সাহায্য, এবং সবকিছু ছিল। কিন্তু তারা হারিয়ে যায়, কেউ জানত না তারা কোথায় ছিল। এবং তারা নিজেদের যত্ন নিতে পারেনি। তারা সবাই বরফে মারা গেছে কারণ তারা জানত না যে তারা পূর্ব, উত্তর, পশ্চিম বা দক্ষিণ কোন দিকে যাচ্ছে, উপরে বা নিচে, অথবা এটা যেমন ছিল, সবকিছু একই রকম দেখাচ্ছিলো।

18 এখন, আবহাওয়া যেমনই হোক না কেন একজন পথপ্রদর্শক জানেন তিনি কোথায় আছেন। তিনি—তিনি এটা করতে সজ্জিত। তিনি জানেন তিনি কি করছেন। তিনি সব কিছুর সাথে পরিচিত।

তিনি সব কিছুর চেহারা চেনেন, তাই তিনি অন্ধকারে থাকতে পারেন এবং তিনি একটি নির্দিষ্ট জিনিস অনুভব করতে পারেন।

19 উদাহরণস্বরূপ, এখানে একটি পথপ্রদর্শকের একটি পুরানো কৌশল। আপনারা জানেন, যদি আপনি তারা দেখতে পান, যে কেউ বলতে পারবেন আপনি কোন পথে যাচ্ছেন যদি আপনি তারা দেখেন। আর আপনি সব সময় একটা নির্ভুল তারা দেখতে চান। শুধুমাত্র একটা নির্ভুল তারা আছে, আর এটা হল ধ্রুবতারা। দেখুন, শুধুমাত্র একটি, তিনি একই জায়গায় দাঁড়িয়ে আছেন। এটা খ্রীষ্টের প্রতিনিধিত্ব করে, কাল, আজ এবং অনন্ত কাল একই। অন্যরা হয়তো দূরে চলে যাবে, কিন্তু তিনি একই রকম থাকেন। মন্ডলী আপনাকে *এই* পথে টেনে আনতে পারে, অথবা কেউ কেউ আপনাকে *অন্য* পথে টেনে নিতে পারে; কিন্তু তিনি নন, তিনি সর্বদা একই।

20 ঠিক আছে, এখন, যদি আপনি এই ধ্রুবতারাটি দেখতে না পান, আর যদি এটা মেঘলা হয়ে থাকে, তারপর যদি আপনি লক্ষ্য করেন, যদি এটা দিনের সময় হয় এবং আপনি হারিয়ে যান, যদি আপনি গাছগুলির দিকে দেখেন। গাছ সবসময়, শ্যাওলা গাছের উত্তর দিকে থাকে, কারণ গাছের দক্ষিণ দিক উত্তর দিকের তুলনায় সূর্যের আলো বেশি পায়। কিন্তু যদি অন্ধকার হয়ে যায় এবং আপনি শ্যাওলা দেখতে না পান? যদি আপনি আপনার চোখ বন্ধ করেন এবং কোন চিন্তা করার চেষ্টা না করেন, আপনার চোখ বন্ধ করুন আর চিকন বাকল যুক্ত গাছ নিন, এইভাবে গাছটিকে জড়িয়ে ধরুন যতক্ষন না আপনার আঙ্গুলগুলি একসঙ্গে আসে, এবং তারপরে সেই গাছটির চারপাশে আস্তে আস্তে ঘুরতে শুরু করুন। আর যখন আপনি এমন জায়গায় খুঁজে পান যেখানে ছালটি প্রকৃত পুরু, ফেটে গেছে, এটা উত্তর দিক (বাতাসের জন্য), এবং আপনি বলতে পারেন আপনি কোন পথে যাচ্ছেন, উত্তর বা দক্ষিণ। আর এই ভাবে, ওহ, অনেক কিছু আছে, কিন্তু কিভাবে এই কাজগুলি করতে হয় তা জানতে পথপ্রদর্শকের প্রয়োজন। একজন সাধারণ মানুষ সেখানে উঠে বলবে, "আমি এতে কোন পার্থক্য অনুভব করি না।" দেখুন? দেখুন, আপনাকে সেই পথপ্রদর্শকের জন্য প্রশিক্ষিত হতে হবে।

21 আর এই ছেলেরা, কোন সন্দেহ নেই তারা ভালো স্কাউট ছিল, তারা গিঁট বাঁধতে সক্ষম হতে পারে, তারা পাথর দিয়ে আগুন জ্বালাতে সক্ষম হতে পারে, এবং আরও অনেক কিছু। কিন্তু আপনার বেরিয়ে আসার পথ জানা, সেটাই বিষয়! তারা, তারা তাদের

বেরিয়ে আসার পথ জানত না, তাই তারা সকলেই মারা গিয়েছিল কারণ তারা তাদের সাথে একজন পথপ্রদর্শককে নেয়নি।

22 একজন অবুঝ পিতা, দুই বছর আগে, কলোরাডোতে, ওহ্, তিনি পাহাড়ে যাচ্ছিলেন, তার ছয়, সাত বছর বয়সী একটি ছোট ছেলে ছিল। তিনি তাকে তার প্রথম হরিণ শিকারে নিয়ে যাচ্ছিলেন। তাই তারা পাহাড়ের উপরে উঠে যায়, আর ছোট ছেলেটি তার বাবাকে বললো, "আমি ক্লান্ত হয়ে যাচ্ছি।"

23 "আমার পিঠে উঠো। আমরা এখনও যথেষ্ট উঁচুতে উঠিনি, হরিণগুলো উঁচুতে আছে।" লোকটি যতক্ষণ পারলো ততক্ষণ চলতে থাকল...তিনি জানতেন না, তিনি একজন শহরবাসী। কীভাবে শিকার করতে হয় বা কোথায় যেতে হয় সে সম্পর্কে তিনি কিছুই জানতেন না। কোনো ব্যক্তি যে বনভূমি সম্পর্কে কিছু জানে সে জানে যে হরিণ উঁচুতে থাকে না। তারা সেখানে যায় না। ছাগল সেখানে থাকে, হরিণ নয়। তারা নিচে সেখানে যেখানে তারা খাবার খুঁজে পায়, তাদের সেখানে যেতে হয় যেখানে কিছু খাবার আছে। আর, তাই, কিন্তু এই লোকটি ভেবেছিলেন, "যদি আমি সেখানে কোথাও পাথরের উপরে উঠি, আমি একটি বড় হরিণ খুঁজে পাব।" তিনি একটি ছবি দেখেছিলেন যেখানে কয়েকটি দাঁড়িয়েছিল—একটি পাথরের উপরে দাঁড়িয়ে ছিল, আর তিনি ভেবেছিলেন সেখানেই তিনি তাদেরকে খুঁজে পাবেন। তাদের ম্যাগাজিনগুলি কি বলে তাতে মনোযোগ দেবেন না, আমার, ওহ্, আমার, আপনার দুঃস্বপ্ন হবে! যে, সেখানে শুধুমাত্র একটি কাজ করা উচিত, একজন পথপ্রদর্শককে নেওয়া যার থেকে আপনি জানেন আপনি কোথায় আছেন।

24 আর সেই পিতা, সেখানে হঠাৎ বৃষ্টি চলে আসে, তার মধ্যে একটি দ্রুত বৃষ্টি যেটা হয়ে থাকে। আর সেই লোকটি খুব দেরী করে শিকার করেছিলেন, ততক্ষণে অন্ধকার হয়ে যায় আর তিনি তার ফিরে আসার পথ খুঁজে পাননি। আর...তখন পর্বতের চূড়া অতিক্রম করে বাতাস আসে, আর তিনি নিজে দ্রুতগতিতে যাচ্ছিলেন, আর সেটা...

25 যদি আপনি এর মধ্যে পড়ে যান, কীভাবে বেঁচে থাকতে হবে তা আপনাকে জানতে হবে। আরেকটি বিষয় আছে, কীভাবে বাঁচতে হয় সেটা জানুন! আমি গাছে উঠেছি আর নিচে নেমেছি, আর আমি গাছে উঠেছি আর নিচে নেমেছি, উপরে আর নিচে, জীবিত থাকার জন্য। আমি তুষারপাতের মধ্যে গিয়েছি যখন এটা চার ফুট উভয়

পাশে, একটি গাছের কান্ড কেটে শুইয়ে দিয়ে। আর এত ক্ষুধার্ত যে আমি এটা সহ্য করতে পারিনি! আর এই জীর্ণ গাছের কান্ড কেটে, আর তাদেরকে আগুন লাগিয়ে আর এটা গরম হতে দিই যাতে তুষার গলে যায়। এবং তারপর সকাল প্রায় একটা, দুটোর সময়, কাঠগুলো সরিয়ে দিন, আর সেই উষ্ণ মাটিতে শুয়ে পড়ুন, বেঁচে থাকতে। এবং আপনাকে জানতে হবে কিভাবে এই কাজগুলো করতে হয়।

26 আর এই লোকটি জানতেন না যে তিনি কী করছেন, তাকে নির্দেশ করার জন্য তার সাথে কেউ ছিলেন না। আর তিনি তার নিজের ছোট ছেলেকে তার বুকের কাছে ধরে রেখেছিলেন যতক্ষণ না তিনি অনুভব করলেন ঠান্ডাতে সে মারা গেছে। অচিন্তনীয়! যদি তিনি তার সাথে শুধু একজন পথপ্রদর্শককে নিয়ে যেতেন, তিনি তাকে ঠিক পাহাড়ের নীচে ফিরিয়ে আনতে পারতেন, যে কোনো সময়ই হোক না কেন, দেখুন। কিন্তু তিনি অন্ধকার না হওয়া পর্যন্ত অপেক্ষা করলেন, তারপর তিনি আর তার চারপাশের পথ দেখতে পেলেন না।

27 আজকের খ্রিস্টানদের জন্য এটাই সমস্যা। তারা অন্ধকার না হওয়া পর্যন্ত অপেক্ষা করেন, তারপর আপনি জানতে পারেন যে আপনি পথপ্রদর্শক ছাড়া চলে গেছেন। পথপ্রদর্শক!

28 কেন, আপনি কি কখনও একজন হারিয়ে যাওয়া মানুষকে দেখেছেন? হারিয়ে যাওয়া কোনো মানুষকে ফিরিয়ে আনার অভিজ্ঞতা কি কারো কখনো হয়েছে? এটা আপনার দেখা সবচেয়ে করুণ বিষয়। যখন একজন মানুষ হারিয়ে যান, তিনি বন্য হয়ে যান। তিনি জানে না তিনি কি করছেন। আমরা সেখানে একজন লোককে, একটি ছেলেকে ধরেছিলাম, আর তিনি জঙ্গলে হারিয়ে গিয়েছিলেন, আর তিনি ভেবেছিলেন...তিনি একজন পশুপালক ছিলেন, কিন্তু তিনি ভুল অঞ্চলে ছিলেন এবং তিনি হারিয়ে গিয়েছিলেন, ঘুরে দাঁড়িয়েছিলেন। আর যখন তারা তিন দিন পরে তাকে খুঁজে পান, তখন তিনি একটি বন্য মানুষের মতো দৌড়াচ্ছিলেন, তার শীর্ষ কণ্ঠে চিৎকার করছিলেন। তার ঠোঁট সব খেয়ে ফেলেছিলেন, এবং তিনি তার বন্দুক ছুড়ে ফেলে দিয়েছিলেন আর তিনি জানতেন না কি করতে হবে। আর যখন তার নিজের ভাই, যখন...তাদের তাকে ধরতে হয়েছিল আর তাকে বেঁধে রাখতে হয়েছিল। যখন তার নিজের ভাই তার কাছে আসেন, তিনি তার সাথে পশুর মতো যুদ্ধ করেন, তাকে কামড়ানোর চেষ্টা করেন, তিনি জানতেন না তিনি কোথায় আছেন। কেন? তিনি হারিয়ে গিয়েছিলেন। আর যখন একজন ব্যক্তি হারিয়ে যান, তখন তিনি বিভ্রান্ত অবস্থায় থাকেন।

আর তিনি জানতেন না যে তিনি এই অবস্থায় আছেন, কারণ তার হারিয়ে যাওয়া তার উপর এই জ্বর পাঠায়, এবং তিনি জানেন না তিনি কোথায় আছেন এবং কীভাবে ব্যবহার করছেন।

29 যখন একজন ব্যক্তি ঈশ্বরের থেকে হারিয়ে যান! তিনি এমন কাজ করবেন যেটা তিনি সাধারণত করেন না। তিনি এমন কাজ করবেন যেটা—যেটা মানুষের চিন্তাভাবনার বাইরে। ঈশ্বরের থেকে হারিয়ে যাওয়া একজন ব্যক্তি, ঈশ্বরের থেকে হারিয়ে যাওয়া একটি মন্ডলী, একটি মন্ডলী যেটি ঈশ্বরের কাছ থেকে দূরে চলে গেছে, ঈশ্বরের বাইবেলের নীতি থেকে দূরে চলে গেছে, এমন কিছু করবে যা কখনও কখনও আপনি জীবিত ঈশ্বরের একটি মন্ডলীতে পাবেন বলে আশা করেন না। তারা বাঙ্কো গেমস, লটারি খেলে, জুয়া খেলে, তারা যা করতে পারে তার মাধ্যমে তাদের অর্থ উপার্জন করে। তারা যা ইচ্ছা তাই শিখাবে, যে কোনো বিষয়কে যেতে দিবে, যিনি মন্ডলীতে বড় অর্থদাতা তাকে সাবাশী দিবে, এবং এই রকম আরও অনেক কিছু, যাতে তাদের এটা নিয়ে যেতে দেওয়া হয়। সেটা ঠিক। সমিতিতে ডিকনদের রাখবে যারা চার-পাঁচবার বিবাহ করেছে, শুধু এটার সঙ্গে থাকার জন্য, শেষগুলি একত্রিত করতে। আপনার একটাই শেষ আছে যেটা আপনাকে একত্রিত করতে হবে, সেটা হল ঈশ্বরের প্রতি আপনার কর্তব্য। দাঁড়ান এবং সত্য কথা বলুন! হারিয়ে যাওয়া, হারিয়ে যাওয়া ব্যক্তিটি বিভ্রান্ত অবস্থায় আছে, সে একজন পাগল।

30 পথপ্রদর্শকের বোধশক্তি আছে, কিভাবে যেতে হবে এবং কি করতে হবে। ঈশ্বর...ঈশ্বর সর্বদা তার লোকদের জন্য একজন পথপ্রদর্শক পাঠিয়েছেন। ঈশ্বর কখনো ব্যর্থ হননি। তিনি একজন পথপ্রদর্শকে পাঠান, কিন্তু আপনাকে সেই পথপ্রদর্শকে গ্রহণ করতে হবে। দেখুন? আপনাকে এটা বিশ্বাস করতে হবে। তিনি যেভাবে বলেছেন সেভাবে আপনাকে যেতে হবে। যদি আপনি কোন বনে যান, এবং আপনার পথপ্রদর্শক বলেন "আমরা *এই* পথে যাবো," আর তবুও আপনি মনে করেন যে আপনি *অন্য* পথে যাবেন, আপনি হারিয়ে যেতে যাচ্ছেন। তারপর যখন আপনি...ঈশ্বর আমাদের পথপ্রদর্শন করার জন্য আমাদের একজন পথপ্রদর্শকে পাঠান, আমাদের সেই পথপ্রদর্শকে অনুসরণ করতে হবে। আমরা যাই ভাবি না কেন, যেটা যুক্তিসঙ্গত মনে হয় এবং যেটা হাস্যকর মনে হয়, আমরা এটা ভাগ করাতে পারি না, একমাত্র পথপ্রদর্শক তা পারেন।

31 ঈশ্বর, পুরাতন নিয়মে, ভবিষ্যদ্বক্তাদের প্রেরণ করেছিলেন। তারা পথপ্রদর্শক ছিলেন, কারণ প্রভুর বাণী ভবিষ্যদ্বক্তাদের কাছে

এসেছিল। তারা পথপ্রদর্শক ছিলেন। তারা লোকদেরকে নির্দেশ দিয়েছিলেন যেমনটি আমরা গত রাতে করেছি, যিশাইয় এবং উষিয়। তাদের নির্দেশ দেওয়া হয়েছিল, এবং তারা মানুষকে নির্দেশ দিয়েছিলেন এবং তাদের পথপ্রদর্শন করেছিলেন। আর এখন ঈশ্বর সর্বদা তাঁর পথপ্রদর্শককে পাঠিয়েছেন, তিনি সর্বদা যুগে যুগে, পথপ্রদর্শক ছাড়া ছিলেন না। ঈশ্বরের সব সময় এমন কোন ব্যক্তি ছিল যিনি এই পৃথিবীতে তাঁর প্রতিনিধিত্ব করেছিলেন, প্রত্যেকটি যুগেই।

32 এখন, কখনও কখনও তারা নির্দেশ থেকে সরে যায়, "রশ্মিরেখা থেকে," যেমনটা আমরা বলে থাকি। যখন যীশু এই পৃথিবীতে ছিলেন, তখন কি আপনার মনে নেই যীশু ফরীশীদের বলেছিলেন, "তোমরা অন্ধ পথপ্রদর্শক" ? অন্ধ পথপ্রদর্শক, আধ্যাত্মিক বিষয়ে অন্ধ। দেখুন? এখন, তাদের পথপ্রদর্শক হওয়ার কথা ছিল, লোকদের পথপ্রদর্শক, লোকদেরকে মুক্তির পথ দেখানোর কথা ছিল। কিন্তু যীশু বলেছিলেন, "তোমরা অন্ধ!" আর তিনি বলেছিলেন, "তাদের একা থাকতে দাও, কারণ যদি অন্ধরা অন্ধকে পথ দেখায়, তাহলে তারা উভয়ই কি খাদে পড়বে না?" অন্ধ পথপ্রদর্শক! ওহ, কিভাবে পৃথিবী এটা দিয়ে দূষিত হয়েছে, অন্ধ পথপ্রদর্শনায়। তিনি চান না যে আপনি আপনার নিজের বোধশক্তি উপর নির্ভর করুন। ঈশ্বর চান না যে আপনি আপনার বোধশক্তি অথবা আপনার চিন্তাধারা, অথবা কোন মানবসৃষ্ট চিন্তার উপর নির্ভর করুন।

33 ঈশ্বর একজন পথপ্রদর্শককে পাঠান, আর ঈশ্বর চান যেন আপনি মনে রাখেন যে এটা তার নিযুক্ত পথপ্রদর্শক। এবং আমাদের অবশ্যই তাকে স্মরণ করতে হবে। এখানে বলা হয়েছে, যীশু বলেছেন, "আমি তোমাদিগকে ছাড়িয়া যাইব না, কিন্তু আমি পিতার নিকটে নিবেদন করিব, এবং তিনি আর এক সহায় তোমাদিগকে দিবেন।" আর এই সহায়ক, যখন তিনি আসবেন, তিনি আমাদের সকল সত্যের দিকে পরিচালিত করবেন। এবং ঈশ্বরের বাক্য হল সত্য, এবং বাক্য হল খ্রীষ্ট, "আমিই পথ, ও সত্য, ও জীবন।" তিনি বাক্য, "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর সেই বাক্য দেহধারন করিলেন এবং আমাদের মধ্যে প্রবাস করিলেন।" তারপর যদি আমরা প্রকৃত সত্য পথপ্রদর্শককে অনুসরণ করি, পবিত্র আত্মাকে, তিনি আমাদের বলবেন তিনি যা দেখেছেন, তিনি যা শুনেছেন, এবং কী ঘটতে যাচ্ছে সেটা তিনি আমাদের দেখাবেন। আমেন। সেখানে এটা। তিনি আপনাকে আসন্ন বিষয় দেখাতে যাচ্ছেন।

34 আর আজ যখন মন্ডলীগুলি এটা প্রত্যাখ্যান করে, আমরা কিভাবে কখনও স্বর্গে যাওয়ার আশা করতে পারি? যখন পথ দেখানোর জন্য পবিত্র আত্মাকে আমাদের কাছে পাঠানো হয়েছিল, আমরা পথ দেখানোর জন্য কিছু কার্ডিনাল, কিছু বিশপ, কিছু সাধারণ তত্ত্বাবধায়ক বা এইরকম কাউকে নেব, যখন পবিত্র আত্মাকে আমাদের পথপ্রদর্শন করার জন্য দেওয়া হয়েছে।

35 এবং পবিত্র আত্মা সর্বদা বাক্যের কথা বলে। "তোমাদিগকে বলিবার আমার আরও অনেক কথা আছে, কিন্তু তোমরা এখন সে সকল বুঝিতে পার না, পরন্তু তিনি, সত্যের আত্মা, যখন আসিবেন, তখন পথ দেখাইয়া তোমাদিগকে ইহাতে লইয়া যাইবেন।" সেই কারণেই মুদ্রার আগমন। সপ্তম মুদ্রার সমাপ্তিতে, ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব সমাপ্ত হইবে, ঈশ্বর কে, তিনি কি, তিনি কিভাবে বাস করেন, তার চরিত্র, তার সত্তা জানতে। ততক্ষণে আপনার *এখানে* উপরে আসার কথা, দেখুন, আমাদের ঈশ্বরের পুত্র ও কন্যাদের পূর্ণ কাঠামোতে নিয়ে আসুন, একটি মন্ডলী যা খ্রীষ্টের রক্তে ধৌত হয়েছে, যা অর্থ ছাড়া ক্রয় করা হয়েছে, যীশু খ্রীষ্টর রক্তের দ্বারা ক্রয় করা হয়েছে।

36 এখন, আমরা এখানে, একজন পথপ্রদর্শক, এবং তিনি হলেন ঈশ্বরের প্রদত্ত পথপ্রদর্শক। এখন, আমরা একটি বনভুমির মধ্য দিয়ে যাচ্ছি, এবং আমরা আমাদের রাস্তায় কোথাও আছি, এবং আমরা এই পথপ্রদর্শক ছাড়া চলতে পারি না। আর যদি কেউ অন্য কোন পথপ্রদর্শক প্রতিস্থাপন করার চেষ্টা করেন! যদি আপনি করেন, তিনি আপনাকে সারি থেকে সরিয়ে নেবেন। এই পথপ্রদর্শক পথ জানেন! তিনি পথের প্রতিটি ইঞ্চি জানেন। তিনি আপনার হৃদয়ের প্রতিটি চিন্তা জানেন। তিনি এখানে থাকা প্রত্যেককেই জানেন। তিনি জানেন আপনি কে এবং আপনি কী করেছেন, এবং আপনার সম্পর্কে সবকিছু। তিনি ঈশ্বরের প্রেরিত পথপ্রদর্শক, পবিত্র আত্মা, এবং আপনার কাছে বিষয়গুলি প্রকাশ করবেন, এবং তিনি যা শুনেছেন তা বলবেন, আপনার কথার পুনরাবৃত্তি করতে পারেন এবং আপনি কি বলেছিলেন তা বলতে পারেন। আমেন। আপনি কী ছিলেন, আপনি কী আছেন, আপনি কোথায় যাচ্ছেন সেটা আপনাকে বলবেন। একজন পথপ্রদর্শক, সঠিক পথপ্রদর্শক, আর তিনি আপনাকে সমস্ত সত্যের দিকে পরিচালিত করবেন এবং তাঁর বাক্য হল সত্য।

37 এখন, পবিত্র আত্মা কখনই কোন ধরণের মানবসৃষ্ট ধর্মমতকে "আমেন" বলতে বাধ্য করে না। এটি শুধুমাত্র ঈশ্বরের বাক্যকে "আমেন" বলে বিরতি দেবে, কারণ এটা তাই। পবিত্র আত্মা

আপনাকে অন্য কোন পথ দেখাবে না। এখন অদ্ভুত ব্যাপার হল, যে আমরা সবাই, আমাদের সব মহান মূল্যবোধ এবং বিষয়গুলি, আমরা প্রত্যেককে পবিত্র আত্মার দ্বারা পরিচালিত বলে দাবি করি, এবং আমাদের সকলের মধ্যে দিন এবং রাতের মত পার্থক্য রয়েছে।

38 কিন্তু যখন পৌল, সেই ছোট্ট ফরীশী, যিনি পবিত্র আত্মা পেয়েছিলেন, যখন অননিয় তাকে বাপ্তাইজিত করেছিলেন, এবং তিনি আরবে গিয়ে তিন বছর অধ্যয়ন করেন, ফিরে এসে, এবং চৌদ্দ বছর ধরে কোন বিষয়ে মন্ডলীর সাথে পরামর্শ করেননি, কিন্তু যখন তিনি ফিরে এসে পিতরের সঙ্গে দেখা করলেন, যিরূশালেমের মন্ডলীর প্রধান, উপদেশাবলীর উপর তাদের একই মতামত ছিল। কেন? একই পবিত্র আত্মা! যেখানে পিতর যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত করছিলেন, সেখানে পৌল তাকে কেউ না বললেও তিনি একই কাজ করছিলেন। যেখানে পিতর পবিত্র আত্মার বাপ্তিস্মা, এবং পবিত্রতা ইত্যাদি বিষয়ে শিক্ষা দিয়েছিলেন, পৌল মন্ডলীর সাথে পরামর্শ না করেই একই কাজ করেছিলেন, কারণ এটা একই পথপ্রদর্শক ছিল। তাহলে আজ আমরা কিভাবে লোকরা এই সত্যগুলো অস্বীকার করে? যখন পিতর শিখিয়েছিলেন তিনি যা করেছিলেন যেন তিনি মন্ডলীকে কীভাবে শৃঙ্খলায় আনতে পারেন, পৌলের একই মতাদর্শ ছিল, কারণ তাদের একই পথপ্রদর্শক ছিলেন।

39 সেই পথপ্রদর্শক একজনকে *এই* পথে নিয়ে যাবে না, এবং অন্যজনকে *অন্য* পথে নিয়ে যাবে না, আর একজনকে পূর্বদিকে এবং অপরজনকে পশ্চিমে পাঠাবে না। দেখুন, তিনি আপনাদেরকে একসাথে রাখবেন। আর যদি আমরা পবিত্র আত্মাকে আমাদের একসাথে রাখতে দিই, তাহলে আমরা এক হব। যদি—যদি আমরা শয়তানকে আপনাকে ভুল পথে টানতে না দিই, তাহলে আমরা এক হৃদয়, এক মন, একমত হব, এক আত্মার দ্বারা, পবিত্র আত্মা, ঈশ্বরের পথপ্রদর্শক যিনি আমাদের সকল সত্যের দিকে পরিচালিত করবেন। সেটা ঠিক। কিন্তু আপনাকে আপনার পথপ্রদর্শককে অনুসরণ করতে হবে। হ্যাঁ, মহাশয়।

40 নীকদীমের দিকে দেখুন, তার একজন পথপ্রদর্শকের প্রয়োজন ছিল, যদিও তিনি একজন বুদ্ধিমান ব্যক্তি ছিলেন। তিনি একজন অধ্যক্ষ ছিলেন, বয়স প্রায় আশি বছর। তিনি ফরীশী ছিলেন, অথবা—অথবা সানহেড্রিন কোর্ট, কাউন্সিল, মিনিস্টারিয়াল অ্যাসোসিয়েশন। তিনি ছিলেন তাদের সর্বশ্রেষ্ঠ পুরুষদের একজন, ইসরায়েলের একজন শিক্ষক, তাদের একজন গুরু। ভাবুন, একজন প্রধান শিক্ষক! হ্যাঁ, তিনি আইন জানতেন, কিন্তু যখন নতুন জন্ম

নেওয়ার কথা আসে, তখন তার একজন পথপ্রদর্শকের প্রয়োজন ছিল। তিনি এর জন্য ক্ষুধার্ত ছিলেন। তিনি জানতেন যে সেখানে কিছু ভিন্ন হতে হবে। সেই রাতে খ্রীষ্টের প্রতি তার অভিব্যক্তি সেটা প্রমাণ করে। এটা এটাও প্রমাণ করে যে, তাদের বাকি সকলের অনুভূতি, কিন্তু তার মধ্যে যে—যে আগ্রহ ছিল সেটা অন্য কারোর মধ্যে ছিল না। তাদের মধ্যে কেউই সেখানে আসেনি এবং তিনি যা করেছেন সেটা করেননি। আপনারা সবাই, রাতের বেলায় আসার জন্য নীকদীমের নিন্দা করে থাকেন। তিনি সেখানে গিয়েছিলেন। তিনি পৌঁছেছিলেন। আমি জানি অনেক লোকেরা এমনকি শুরুও করে না, দিন হোক আথবা রাত। কিন্তু তিনি সেখানে পৌঁছেছিলেন, এবং তার একজন পথপ্রদর্শকের প্রয়োজন ছিল, আর তিনি বললেন, "রব্বি, আমরা," সানহেড্রিন কোর্ট থেকে, "আমরা জানি আপনি একজন শিক্ষক ঈশ্বরের কাছ থেকে এসেছেন।" কেন তিনি এটা জানতেন ? তিনি প্রমাণিত হয়েছিলেন। দেখুন, তিনি জানতে চেয়েছিলেন এই নতুন জন্মের অর্থ কী, এবং তিনি সোজা সঠিক ব্যক্তির কাছে চলে গেলেন, কারণ ঈশ্বর প্রমাণ করেছিলেন যে তিনি তাঁর পথপ্রদর্শক, যীশু। দেখুন তিনি কি বলেছিলেন, "রব্বি, আমরা জানি আপনি ঈশ্বরের নিকট হইতে আগত গুরু, কেননা আপনি এই যে সকল চিহ্ন-কার্য্য সাধন করিতেছেন, ঈশ্বর সহবর্ত্তী না থাকিলে এ সকল কেহ করিতে পারে না।"

41 এটা সেখানে একটি প্রমাণ ছিল, যে তার মধ্যে একজন জীবিত ঈশ্বর ছিলেন। তিনি কি সাক্ষ্য দিয়েছেন, "আপনা হইতে কার্য্য সকল সাধন করি না; কিন্তু পিতা যিনি আমাতে থাকেন। সত্য আমি তোমাদিগকে বলিতেছি, পুত্র আপনা হইতে কিছুই করিতে পারেন না; কেবল পিতাকে যাহা করিতে দেখেন, তাহাই করেন। কেননা তিনি যাহা যাহা করেন, পুত্রও সেই সকল তদ্রূপ করেন।" অন্য কথায়, ঈশ্বর তাকে দেখিয়েছিলেন কি করতে হবে, আর তিনি গিয়ে শুধু কাজটি করেছিলেন। তিনি কিছু করেননি যতক্ষণ না ঈশ্বর তাকে এটা করতে বলেন। আমেন। এটাই আসল সত্য ঘটনা। যদি আমরা সরে যাই এবং অপেক্ষা করি যতক্ষণ না আত্মা আমাদের এটা করতে অনুপ্রাণিত করে! সেটাই। আর তারপর খ্রীষ্টের মধ্যে সম্পূর্ণরূপে হারিয়ে যান যেন তাকে আমার মত করে আপনাকে ধাক্কা দিতে না হয়, কিন্তু সামান্য মাথা হেলিয়ে তার প্রথম সম্মতি, আপনি প্রস্তুত আর কিছুই আপনাকে থামাতে যাচ্ছে না, কারণ আপনি জানেন যে এটা ঈশ্বরের ইচ্ছা।

42 তার একজন পথপ্রদর্শকের দরকার ছিল। তিনি ছিলেন প্রমাণিত

পথপ্রদর্শক। তিনি এই পথপ্রদর্শকের দ্বারা পরিচালিত হতে পারেন কারণ তিনি জানতেন এই পথপ্রদর্শক ঈশ্বরের দ্বারা অনুপ্রাণিত। তিনি জানতেন যে তাকে যে ঐতিহ্যগুলি পরিবেশন করা হয়েছিলেন, সম্ভবত ফরীশীরা, সদ্দূকীরা এবং অন্য কেউ, তিনি সেই ধর্মবিশ্বাস সারাজীবন সেবা করে গিয়েছেন এবং কিছুই ঘটতে দেখেননি। কিন্তু এখানে একজন মানুষ দৃশ্যপটে আসেন, তিনি বলেছিলেন যে তিনি বাইবেলের প্রতিশ্রুত অভিষিক্ত ব্যক্তি। তারপর তিনি ঘুরে দাঁড়িয়ে ঈশ্বরের কাজগুলি করেন। যীশু বলেছিলেন, "আমার পিতার কার্য্য যদি না করি, তবে আমাকে বিশ্বাস করিও না। কিন্তু আমাকে বিশ্বাস না করিলেও, সেই কার্য্যে বিশ্বাস কর যাহা আমি করি, কারন তাহারা আমার সাক্ষ্য দেয়।"

43 তাহলে, অবাক হওয়ার কিছু নেই যে নীকদীম বলতে পারলেন, "রব্বি, আমরা জানি, আপনি ঈশ্বরের নিকট হইতে আগত গুরু, কেননা আপনি এই যে সকল চিহ্ন-কার্য্য সাধন করিতেছেন, ঈশ্বর সহবর্ত্তী না থাকিলে এ সকল কেহ করিতে পারে না।" দেখুন, তার একজন পথপ্রদর্শকের প্রয়োজন ছিল, যদিও তিনি এই বিষয়ের একজন গুরু ছিলেন। তিনি তার মন্ডলীর একজন প্রধান ছিলেন। তার মর্যাদা ছিল, এবং তার ছিল—তার বিশিষ্ট স্থান ছিল, এবং তিনি একজন মহান ব্যাক্তি ছিলেন; কোনো সন্দেহ নেই, দেশের সকল ব্যাক্তির কাছে সম্মানিত। কিন্তু যখন নতুন করে জন্ম নেওয়ার কথা আসে, তখন তার একজন পথপ্রদর্শকের প্রয়োজন ছিল! আমাদেরও তাই, হ্যাঁ, আমাদের একজন পথপ্রদর্শকের প্রয়োজন আছে।

44 কর্ণীলিয়, তিনি একজন মহান ব্যাক্তি ছিলেন, একজন সম্মানিত ব্যাক্তি। তিনি গীর্জা নির্মাণ করেছিলেন। তিনি ইহুদিদের সম্মান করতেন কারণ তিনি জানতেন যে তাদের ধর্ম সঠিক। এবং তিনি দান দিতেন, এবং তিনি প্রতিদিন প্রার্থনা করতেন, কিন্তু যখন পবিত্র আত্মা আসেন (মন্ডলীতে কিছু যোগ করা হয়), তার একজন পথপ্রদর্শকের প্রয়োজন ছিল। ঈশ্বর তার জন্য পবিত্র আত্মা পাঠিয়েছিলেন। তিনি এটা পিতরের মাধ্যমে পাঠিয়েছিলেন, "পিতর এই কথা কহিতেছেন, এমন সময়ে তাহার উপরে পবিত্র আত্মা পতিত হইলেন।" [টেপের খালি অংশ—সম্পাদক।] ঈশ্বর পিতরের মাধ্যমে পথপ্রদর্শককে ব্যবহার করেছিলেন। তিনি তার ব্যবহার করেছিলেন, কারণ তিনি কর্ণীলিয়কে সঠিক পথে পরিচালিত করেছিলেন। আর যখন তিনি কথা বলছিলেন, তখন পবিত্র আত্মা তাদের উপর পরজাতীয়দের উপর পতিত হইল। তখন তিনি

বললেন, "কেহ কি জল নিবারণ করিয়া, ইহাঁদের বাপ্তাইজিত হইবার বাধা দিতে পারে?" দেখুন, এখনও পথপ্রদর্শক কথা বলছেন, পিতর নন। কারণ এটা একটা ইহুদিদের দল ছিল... অথবা পরজাতীয়দের, "অপরিষ্কার, নোংরা" তার কাছে, এবং তিনি যেতেও চাননি। কিন্তু পথপ্রদর্শক বলেছিলেন, "আমি তোমাকে পাঠাচ্ছি।" আপনি এমন কাজ করেন যা আপনি ভাবেন না যে আপনি করবেন, যখন পথপ্রদর্শক পুরোপুরি নিয়ন্ত্রণ নেয়, যখন আপনি তাকে নির্দেশনা করতে দেন। ওহ, পবিত্র আত্মার দ্বারা পরিচালিত হওয়া কত চমৎকার। তিনি সেই পথপ্রদর্শক। ঠিক আছে। তিনি পিতরের মাধ্যমে কথা বলেছিলেন এবং তাকে বলেছিলেন যে তাকে কী করতে হবে। তখন যখন তারা সবাই পবিত্র আত্মা পেলেন, তখন তিনি বললেন, "আমরা জল নিবারণ করতে পারি না, এটা দেখে যে তারা পবিত্র আত্মা পেয়েছেন যেমনটা আমরা শুরুতে করেছিলাম।" আর তারা প্রভু যীশুর নামে তাদের বাপ্তাইজিত করলেন। এখন, কে তাকে এটা করতে পরিচালিত করেছিল? তার মধ্যে যে পথপ্রদর্শক ছিলেন। যীশু কি তাদের বলেননি, "তোমরা কিরূপে কি বলিবে, সে বিষয়ে ভাবিত হইও না, কারণ ইহা আপনি নন যিনি বলিতেছেন; কিন্তু তোমাদের পিতার যে আত্মা তোমাদের অন্তরে কথা কহেন, তিনিই বলিবেন"? আমেন।

45 সেই নপুংসক, যিরূশালেম থেকে আসছিলেন। আর ঈশ্বরের সেই সময়ে পৃথিবীতে একজন পথপ্রদর্শক ছিলেন, পবিত্র আত্মা, এবং তার নিচে সেখানে একজন লোক ছিল যিনি এই পথপ্রদর্শকের দ্বারা পরিপূর্ণ ছিলেন। তিনি এমনকি একজন প্রচারকও ছিলেন না, তিনি ছিলেন একজন ডিকনের মতো। আর তিনি সেখানে অসুস্থদের নিরাময় করছিলেন এবং শয়তানদের বাহির করে দিয়েছিলেন, এবং একটি বড় আলোড়ন সৃষ্টি করেছিলেন, শহরে প্রচুর আনন্দ হয়েছিল। তার চারপাশে শত শত লোক জড়ো হয়েছিল, এবং পথপ্রদর্শক বললেন, "এটাই যথেষ্ট, আসো এই পথে ফিরে যাই।" তিনি তার পথপ্রদর্শকের সাথে বিবাদ করেননি।

46 আপনার পথপ্রদর্শকের কথার কখনও বিরোধ করবেন না। তাকে অনুসরণ করুন। যদি আপনি না করেন, আপনি হারিয়ে যাবেন। এবং, মনে রাখবেন, যখন আপনি তাকে ছেড়ে চলে যাবেন, আপনি এখন নিজের উপর নির্ভরশীল, তাই আমরা পথপ্রদর্শকের কাছাকাছি থাকতে চাই।

47 তাই রাস্তায়, তিনি বলেছিলেন, "ফিলিপ, এদেরকে এখনই ছেড়ে দেও এবং মরুভূমিতে যাও যেখানে কেউ নেই। কিন্তু আমি

তোমাকে সেখানে পাঠাচ্ছি, এবং যখন আমি তোমাকে সেখানে নিয়ে যাই তখন সেখানে কেউ থাকবে।” এখানে একজন নিঃসঙ্গ নপুংসক আসেন, তিনি ইথিওপিয়ার রানীর কাছে একজন মহান মানুষ ছিলেন। আর তিনি আসছিলেন, যিশাইয় ভাববাদীর পুস্তক পড়ছিলেন। আর পথপ্রদর্শক বললেন, “ঐ রথের সঙ্গ ধর।”

আর তিনি বললেন, “আপনি যাহা পাঠ করিতেছেন, তাহা কি বুঝিতে পারিতেছেন?”

48 তিনি বললেন, “কেহ আমাকে বুঝাইয়া না দিলে কেমন করিয়া বুঝিতে পারিব?” হে, আমার! কিন্তু ফিলিপের কাছে পথপ্রদর্শক ছিলেন। আমেন। আর তিনি একই শাস্ত্র থেকে শুরু করেছিলেন, এবং তাঁর কাছে খ্রীষ্টের প্রচার করেছিলেন। আমেন। পথপ্রদর্শক! তাকে কিছু ধর্মমত বলবেন না, তিনি তাকে পথপ্রদর্শকের সম্পর্কে বলেছিলেন, খ্রীষ্ট! এবং তিনি তাকে কোথাও জলে বাপ্তাইজিত করেন। অবশ্যই, এটা ছিল। ওহ, আমি এটা খুবই পছন্দ করি!

49 যখন ইস্রায়েল প্রতিশ্রুত দেশের জন্য মিশর ত্যাগ করেছিল, যাত্রাপুস্তক ১৩:২১ এ, ঈশ্বর জানতেন যে তারা আগে কখনও এই পথে ভ্রমণ করেনি। এটা মাত্র চল্লিশ মাইল ছিল, কিন্তু তবুও তাদের সাথে যাওয়ার জন্য তাদের কিছু দরকার ছিল। তারা পথ হারিয়ে ফেলত। তাই তিনি, ঈশ্বর, তাদের জন্য একজন পথপ্রদর্শকে পাঠিয়েছিলেন। যাত্রাপুস্তক ১৩:২১, এর মতো কিছু, “আমি তোমার অগ্রে আমার দূতকে প্রেরণ করিব, অগ্নিস্তম্ভ, যেন তোমরা পথে গমন করিতে পারো,” এই প্রতিশ্রুত দেশ পর্যন্ত তাদের পথ দেখানোর জন্য। আর ইস্রায়েলের সন্তানরা সেই পথপ্রদর্শককে অনুসরণ করেছিল, অগ্নিস্তম্ভ (রাতে), দিনের বেলায় মেঘস্তম্ভ। যখন এটা থেমে যেত, তারাও থেমে যেত। যখন এটা যাত্রা শুরু করতো, তারাও যাত্রা শুরু করতো। আর যখন তিনি তাদের সেই দেশ এর কাছাকাছি নিয়ে আসলেন, এবং তারা সেটা নেওয়ার জন্য প্রস্তুত ছিল না, তিনি তাদের আবার মরুভূমিতে নিয়ে গেলেন। তিনি তাদের সাথে যেতেন না।

50 সেটাই হল, ধর্মসম্প্রদায়ের আজকের অবস্থা। কোন সন্দেহ নেই কিন্তু ঈশ্বরের দীর্ঘ সহিষ্ণুতা, যেমনটা নোহের সময়ে ছিল, ধর্মসম্প্রদায় শেষ হয়ে যেত যদি এটা সংশোধন করে দিত আর নিয়ম শৃঙ্খলায় নিয়ে আসতো। কিন্তু তাকে আমাদের ঘুরিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে পরিচালনা করতে হয়েছে।

51 ইস্রায়েল খুব কমই জানত, যখন তারা উল্লাস করেছিল, মিশরের মৃত সৈন্যদের দেখে, ডুবে যাওয়া ঘোড়া দেখে, ফেরাউনের রথ উল্টে যাওয়া দেখে, তারা তাদের বিজয় পেয়েছে, আত্মায় মোশি, আত্মায় গান গাইছেন, মরিয়ম আত্মায় নাচছেন, এবং ইস্রায়েলের মেয়েরা সমুদ্রতটের উপরে এবং নিচে ছুটছেন, উল্লাস করছেন এবং নাচছেন, তারা দুধ এবং মধু থেকে মাত্র কয়েক দিন দূরে ছিলেন। তারা খুব কমই জানতেন যে তারা চল্লিশ বছর দূরে আছেন, কারণ তারা ঈশ্বর এবং পথপ্রদর্শকের বিরুদ্ধে বচসা শুরু করেন।

52 এবং আমরা নিজেকে একই ভাবে খুঁজে পাই। আমি এখান থেকে শ্রেভপোর্টে যাই। আর পবিত্র আত্মা ধন্যবাদ দিবসে পড়ে, পঞ্চাশ বছর আগে, লুইসিয়ানা—লুইসিয়ানাতে, ধন্যবাদ দিবসে। সেই সময় থেকে মন্ডলী কিভাবে পড়ে গেছে! আপনি কি বুঝতে পেরেছেন যে রোমান ক্যাথলিক গির্জা শুরুতে পেন্টেকোস্টাল মন্ডলী ছিল? এটাই সত্য। সেটা ঠিক। এটা ছিল একটি পেন্টেকোস্টাল মন্ডলী, কিন্তু আনুষ্ঠানিক ভাবাপন্ন বিশিষ্ট ব্যক্তিরা প্রবেশ করতে শুরু করে এবং ঈশ্বরের শাস্ত্রকে—শাস্ত্রকে তাদের ঐতিহ্যে পরিবর্তন করে, এর সঙ্গে ধর্মীয় মতবাদ যোগ করেন আর এমনি করেই অনেক কিছু। আর দেখুন তারা এখন কি পেয়েছে, এর কোনটিতেই শাস্ত্রের একটি কণাও নেই। তারা অন্য কিছুর জন্য কিছু প্রতিস্থাপন করেছিল, পবিত্র আত্মার পরিবর্তে এক টুকরো রুটি। তারা নিমজ্জিত করা থেকে ছিটিয়ে প্রতিস্থাপন করে। তারা "প্রভু যীশু খ্রীষ্ট" থেকে "পিতা, পুত্র এবং পবিত্র আত্মা" প্রতিস্থাপন করে। তারা ঈশ্বরের এই সমস্ত মহান অনুচ্ছেদগুলি প্রতিস্থাপন করেছিল যা আমাদের জন্য রাখা হয়েছিল, এবং তারা শাস্ত্রীয় মতবাদ থেকে অনেক দূরে, অনেক দূরে।

53 আর পঞ্চাশ বছর আগে লুইসিয়ানাতে পেন্টিকোস্টাল পড়ে যায়, এবং যদি এটা আরও দুইশ বছর দাঁড়িয়ে থাকে, তবে এটা ক্যাথলিক চার্চের থেকেও অনেক দূরে চলে যাবে, যদি এটা গত পঞ্চাশ বছর ধরে এভাবেই পড়ে থাকে, কারণ তারা এটার সাথে যোগ করছে, প্রতিনিয়ত। পুরনো দিনের প্রচারকরা চলে গেছেন। রাস্তার সভাগুলি, আপনি কখনও আরেকটির কথা শুনতে পাবেন না। আমরা যা কিছু পেয়েছি সেটা হল একদল হলিউড এর সাথে যুক্ত হয়েছে, বব-কেশিক মহিলারা ছোট কাপড় পরিধান করে, মেকআপ করে, এবং অন্য সবকিছু, নিজেদের খ্রিস্টান বলে। গিটার নিয়ে কিছু ছোট্ট রিকি, সেখানে উপরে ও নিচে দৌড়ে, আর মহিলারা চাপা কাপড় পরিধান করে অনেকটা...ঠিক একটা চর্মসার

উইনারের মত চামড়া—চামড়া প্রায় বাইরে, প্ল্যাটফর্মে কাঁপছে, প্ল্যাটফর্মের উপরে এবং নিচে দৌড়ানো, কানের দুল ঝুলিয়ে নাচা, এবং এর মধ্যে একটি নতুন এই ভূমির মহিলা চুলের স্টাইল, তারপর নিজেকে খ্রিস্টান বলে।

54 আমাদের কি প্রয়োজন আছে সেটা হল একটি পুরানো ধাঁচের, ঈশ্বরের প্রেরিত, ঝলসানো ধর্ম যা মন্ডলীর বাইরে সেই জাগতিকতাকে দূর করবে। আমাদের পবিত্র আত্মা এবং আগুনের কাছে ফিরে আসতে হবে, সেই জিনিসটিতে ফিরে আসতে হবে যা আবর্জনা পুড়িয়ে দেয়, পুরনো দিনের প্রচার ফিরিয়ে আনে, স্বর্গকে উঁচু করে, এবং নরকে গরম করে, বন্দুকের ব্যারেলকে সোজা করে। আমাদের সেই রকম প্রচার দরকার। কিন্তু আপনি আজ এটা করুন, আপনার শ্রোতারা আপনাকে ভোট করে বের করে দিবে।

55 কখনও কখনও ভাল প্রচারকরা তাদের মণ্ডলীর দ্বারা বিপথগামী হয়। সেই কারণেই আমার কোন ধর্মসম্প্রদায় নেই। আমার একটা সদর দপ্তর আছে, সেটা স্বর্গ থেকে। তিনি যেখানেই পাঠান, আমি সেখানে যাই। তিনি যা বলেন, আমি তাই বলি। আমরা কোন ধর্মসম্প্রদায় চাই না। এই মন্ডলী যদি কখনও ধর্মসম্প্রদায়ের কথা বলে, আপনি ঠিক তখনই আপনার পালককে হারিয়েছেন। আমি এর আশেপাশে থাকব না, পাঁচ মিনিটের জন্যও না। প্রত্যেকটি মন্ডলী যারা কখনও ধর্মসম্প্রদায় তৈরী করেছিল বীজের কাছে গিয়েছিল, এবং আমাকে বলুন এমন একটি যারা সেটা করেনি, আর আমাকে বলুন এমন একটি যে আবার কখনও উঠেছে। পবিত্র আত্মাকে মন্ডলীর নির্দেশনা দেওয়ার জন্য পাঠানো হয়েছে, কিছু মানুষের দল নয়। পবিত্র আত্মা সর্বজ্ঞানী। পুরুষরা কঠোর, উদাসীন হয়ে যায়।

56 ঈশ্বর তাদের বলেছিলেন যে তিনি তাদের জন্য একজন পথপ্রদর্শককে পাঠাবেন, তিনি তাদের পথ দেখাবেন। এবং যতক্ষণ তারা আগুনের স্তম্ভটি অনুসরণ করেছিল, তারা ঠিক ছিল। তিনি তাদের সেই প্রতিশ্রুত দেশের ফটকের দিকে নিয়ে গেলেন, এবং তারপর যতদূর তাকে যেতে হয়েছিল। তারপর যিহোশূয়, সেই মহান যোদ্ধা, মনে রাখুন সেই দিনের কথা যখন তিনি তাদের বলেছিলেন, "নিজেকে পবিত্র করুন, তৃতীয় দিন ঈশ্বর এখানে যর্দ্দন নদী খুলবেন এবং আমরা পার হতে যাচ্ছি" ? এখন দেখুন তিনি কি বলেছেন (আমি এটা পছন্দ করি) শাস্ত্রে, তিনি বললেন, "সদাপ্রভুর নিয়ম-সিন্দুকের পিছনে থাকবেন, কারণ আপনারা আগে এই পথে যাননি।"

57 নিয়ম-সিন্দুক কি ছিল? বাক্য। এখন আপনার ধর্মসম্প্রদায়ের পথে চলবেন না, বাক্যের পিছনে থাকুন, কারণ আপনি আগে এই পথে যাননি। আর, ভাই, যদি খ্রিস্টান ধর্মসম্প্রদায়দের নিজেকে পরীক্ষা করার কোন সময় থাকে, সেটা এখনই। আমরা সেই মুহূর্তে আছি যেখানে এই মহান সভা রোমে চলছে, পার্থক্য তৈরি করা হচ্ছে, ধর্মসম্প্রদায়গুলির সংঘ, যখন এই সমস্ত ধর্মসম্প্রদায়গুলি একত্রিত হয়ে পশুর প্রতিমূর্তি গঠন করে, ঠিক বাইবেল যেমন বলে। আর আপনারা জানেন যে আমরা আজ সকালে বার্তায় কী বলেছি। আর আমরা এখানে আছি, ঠিক সবকিছু দরজার সামনে, কিন্তু লোকরা এখনও ধর্মমতের অনুসরণ করছে। আপনি বাক্যের পিছনে থাকুন! বাক্য আপনাকে পথ দেখাবে, কারণ বাক্য হল খ্রীষ্ট, এবং খ্রীষ্ট হলেন ঈশ্বর, এবং ঈশ্বর হলেন পবিত্র আত্মা।

58 বাক্যের পিছনে থাকুন! ওহ, হ্যাঁ, মহাশয়! সেই পথপ্রদর্শকের সাথে থাকুন। এর ঠিক পিছনে থাকুন। এর সামনে যাবেন না, আপনি এর পিছনে থাকুন। তাকে আপনাকে পরিচালনা করতে দিন, আপনি তার পরিচালনা করবেন না। আপনি তাকে ছেড়ে দিন।

59 যিহোশূয় বলেছিলেন, "এখন, আপনারা আগে কখনো এই পথ দিয়ে যাননি, আপনাদের এই পথ সম্পর্কে কোনো জ্ঞান নেই।"

60 এটাই আজকের অসুবিধা। বিস্তীর্ণ পথে আপনাকে পরিচালিত করার জন্য আপনার কোন পথপ্রদর্শকের প্রয়োজন নেই। ওহ, আপনি সব গলি এবং সবকিছু জানেন। আপনি পাপের সমস্ত উপায় জানেন। সেখানে নেই...ওহ, আপনি অনেক দিন ধরে আছেন। কেউ আপনাকে সে সম্পর্কে কিছু বলার চেষ্টা করার দরকার নেই, আপনি সমস্ত শর্টকাট জানেন। সেটা ঠিক, প্রত্যেকটি পাপ, এর সম্পর্কে আপনি সব জানেন। কিভাবে চুরি করতে হয় সেটা কেউকে বলতে হবে না; আপনি এটা জানেন। কিভাবে অভিশাপ দিতে হয় সেটা কেউকে বলতে হবে না; আপনি এটা জানেন। এই খারাপ কাজগুলো কিভাবে করতে হয় সেটা কেউকে বলতে হবে না, কারণ এটা প্রতিটি গাছে সর্বত্র পোস্ট করা আছে।

61 কিন্তু, মনে রাখবেন, আপনারা যারা খ্রিস্টান, আপনারা অতিক্রম করেছেন। আপনারা অন্য দেশে আছেন। আপনারা নতুন ভাবে জন্মগ্রহণ করেছেন। আপনারা সেই দেশে আছেন, স্বর্গীয় দেশে। আপনারা প্রতিশ্রুত দেশে আছেন।

62 আপনারা দেখতে পারেন, আপনারা এখানে আপনার পথ জানেন। ওহ, আমার, হ্যাঁ। আপনারা জানেন কি—কি, একটি

নির্দিষ্ট হাতে কিভাবে কার্ডকে দাঁড় করানো যায়। আপনারা জানেন পাশা কী, যখন এটা গড়িয়ে যায়, এর অর্থ কী, এবং এইরকম সবকিছু। কিন্তু যখন পবিত্রতা এবং ন্যায়পরায়ণতা এবং ঈশ্বরের শক্তি সম্পর্কে জানার বিষয় আসে, এবং পবিত্র আত্মা কিভাবে কাজ করে এবং এটা কি করে, আপনি বাক্যের ঠিক পিছনে থাকুন, পথপ্রদর্শকের। দেখুন ? আপনি আগে কখনও এই পথে যাননি।

63 ঠিক আছে, আপনি বলেন, "আমি বেশ বুদ্ধিমান ব্যাক্তি ছিলাম, কলেজে আমার—আমার দুটি ডিগ্রি ছিল।" আপনার এটা ভুলে যাওয়া ভালো। হ্যাঁ, মহাশয়।

64 "আমি শিক্ষালয়ের মধ্যে দিয়ে গিয়েছি।" আপনার এটা ভুলে যাওয়া ভালো। হ্যাঁ, মহাশয়। আপনি বরং পথপ্রদর্শকের পিছনে থাকুন। তিনি আপনাকে পরিচালনা করবেন। তিনি পথ জানেন; আপনি জানেন না। আপনি আগে এই পথে যাননি। "ঠিক আছে," আপনি বলেন, "তাদের আছে।"

65 দেখুন যদি তাদের থাকে। যীশু বলেছেন, "যারা এই পথ দিয়ে গেছে, এই চিহ্নগুলো তাদের অনুসরণ করবে। আমার নামে, তাহারা ভূত ছাড়াইবে, তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে; তাহারা সর্প তুলিবে এবং প্রাণনাশক কিছু পান করিলেও তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না। তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।" তাদের অধিকাংশই এটা প্রত্যাখ্যান করে, অস্বীকার করে, বলে যে এটা এমনকি অনুপ্রাণিত নয়। তারা পথপ্রদর্শকে অনুসরণ করছে না। তারা একটি মানবসৃষ্ট ধর্ম অনুসরণ করছে। আপনি বাক্যের ঠিক পিছনে থাকুন, কারণ আপনি এই পথে যাননি, আপনি জানেন।

66 কিন্তু আপনার নূতন জন্ম হয়েছে, এবং আপনি পবিত্রতায় জন্মগ্রহণ করেছেন। আপনি এই পথে আগে যাননি। আপনি... আপনি যদি এই পথ দিয়ে যান, আপনাকে পবিত্রতার মধ্য দিয়ে আসতে হবে, কারণ এটা একটি নতুন দেশ, একটি নতুন জীবন, একজন নতুন ব্যাক্তি।

67 আপনি মন্ডলীতে আসেন এবং আপনি শুনতে পান যে কেউ উঠছে, তারস্বরে চিৎকারকারী, "ঈশ্বরের মহিমা হোক! হালেলুইয়া!"

68 কেন, আপনি বলবেন, "আমার, ঈশ্বর, তারা আমার মন্ডলীতে কখনও এটা করেননি! আমি উঠে বেরিয়ে যাব!" উম-হুম। দেখুন ? সতর্ক হোন।

69 বাক্যের পিছনে থাকুন, এখন, পথপ্রদর্শক আপনাকে পরিচালনা করতে দিন। "তোমাদিগকে সমস্ত সত্যে লইয়া যাইবেন, এবং সেই সমস্ত বিষয় প্রকাশ করিবেন যাহা আমি তোমাদিগকে বলিয়াছি। তিনি তোমাদিগকে তাহা দেখাইবেন। তিনি আগামী ঘটনাও তোমাদিগকে জানাইবেন," প্রকৃত পথপ্রদর্শক। বিশপের কাছে যাবেন না; পথপ্রদর্শকের কাছে যান। পথপ্রদর্শকের ছাড়া কারো কাছে যাবেন না। তিনিই সেই ব্যক্তি যাকে আপনার পরিচালনার জন্য পাঠানো হয়েছে। তিনিই সেই ব্যক্তি যিনি এটা করবেন। ঈশ্বর আপনার জন্য একজন পথপ্রদর্শক দিয়েছেন। ঈশ্বরের দেওয়া পথ নিন।

70 আজ এর সমস্যা হল, যে লোকরা মন্ডলীতে আসেন তারা কয়েক মিনিট বসে থাকেন, এমন কিছু ঘটে যায় যেটাতে তারা অভ্যস্ত নয়।

71 আমি একটি ঠান্ডা গতানুগতিক মন্ডলী থেকে একজন মহিলার প্রশংসা করি, শুধু তার জন্য প্রার্থনা ছিল। ঈশ্বর সেই মহিলাকে সুস্থ করবেন। তিনি এটা বুঝতে পারেনি। তিনি এর সম্পর্কে কিছুই জানত না। তিনি ভিতরে আসেন, তিনি বলেন যে তিনি জানতেন না। কিন্তু আমি তাকে বললাম, "আসুন এবং আমাকে দেখুন।" তিনি ভীতু এবং পশ্চাৎপদ ছিলেন, কিন্তু পথপ্রদর্শক তাকে বলতে থাকেন, "চলো এগোই।" তিনি বুঝতে পারলেন। এটাই। দেখুন, কারণ আমাদের এই বিষয়গুলির দিকে পবিত্র আত্মা পরিচালিত করেন। দেখুন, ঈশ্বরের একটি প্রদত্ত উপায় আছে।

72 আপনারা কি কখনো...আপনারা কি বুনো হাঁস উপর দিয়ে যেতে দেখছেন, হাঁস দক্ষিণ দিকে যাচ্ছে? ঠিক আছে, এখন মনে রাখবেন, সেই ছোট্ট বৃদ্ধ হাঁসটি কোথাও একটি পুকুরে জন্মগ্রহণ করেছিল। সে পূর্ব, উত্তর, পশ্চিম এবং দক্ষিণ জানে না। কানাডার পাহাড়ে সেই পুকুর ছাড়া সে কিছুই জানেন না। সে কখনই সেই পুকুরের বাইরে যাই নি, তবে সে জন্মগ্রহণ করেছিল একজন পথপ্রদর্শক হয়ে। সেই ছোট্ট হাঁসের জন্ম হয়েছিল একজন পথপ্রদর্শক হওয়ার জন্য। আর সেই প্রথম ঘটনা, এক রাতে পাহাড়ের চূড়া পেরিয়ে একটি বড় তুষারঝর আসে। কি ঘটে? সেই ঠান্ডা হাওয়া সেখান দিয়ে নেমে আসে। আমি কল্পনা করতে পারি সে কাঁপছে, বলছে, "মা, এর মানে কি?" দেখুন, সে আগে কখনও সেই ঠান্ডা আবহাওয়া অনুভব করে নি। সে চারদিকে লক্ষ্য করতে শুরু করে, সে পুকুরের কিনারার চারপাশে লক্ষ্য করতে শুরু করে, এটা জমতে শুরু করেছে, পুকুরে বরফ জমছে। সে জানে না, কিন্তু হঠাৎ করেই...সে হাঁসের সেই পালের পথপ্রদর্শক হিসেবে জন্মগ্রহণ করেছিল। যখন এটা তাকে

আঘাত করবে তখন সে ঠিক পুকুরটি মাঝখানে লাফিয়ে উঠবে। আপনারা যা চান তাই বলতে পারেন। আমরা এটাকে অনুপ্রেরণা বলি, অথবা আপনি এটাকে বলতে পারেন, ওহ, শুধু প্রবৃত্তি, যাই হোক না কেন। সে ঠিক সেই পুকুরের মাঝখান থেকে উড়ে যাবে, সেই ছোট্ট চঁচুটি উপরে তুলে, এবং ডাকবে, "হংক-হংক, হংক-হংক!" আর পুকুরের প্রতিটি হাঁস তার কাছে আসবে। কেন? তারা তাদের পথপ্রদর্শককে চেনে, ঠিক যেভাবে সে ডাক দেয়।

73 "বস্তুতঃ তূরীর ধ্বনি যদি অস্পষ্ট হয়, তবে কে যুদ্ধের জন্য সুসজ্জ হইবে?" ঠিক। তূরীর ধ্বনি যদি অস্পষ্ট হয় তাহলে কে নিজেকে যুদ্ধের জন্য প্রস্তুত করতে পারে?

74 ঠিক আছে, যদি সেই ছোট্ট হাঁসটি একটি অস্পষ্ট ধ্বনি দেয়, তাহলে কে নিজেকে উড়ানের জন্য প্রস্তুত করতে যাচ্ছে? সেই ছোট্ট হাঁসটি তার ছোট্ট বিলটি সেখানে উঠিয়ে, চীৎকার করবে, "হংক-হংক, হংক-হংক!" আর প্রতিটি ছোট হাঁস তার কাছে আসবে। "হংক-হংক, হংক-হংক!" এখানে তারা। মহান একটি জয়ন্তী তাদের হবে, ঠিক সেই পুকুরের ঠিক মাঝখানে, শুধু ঘুরে আর ঘুরে আর ঘুরে। কিছুক্ষণ পরে সে অনুভব করে যে এটা তার উপর আসছে, তাকে চলে যেতে হবে। সে তার ছোট ডানাগুলো নামিয়ে পুকুর থেকে উড়ে যাবে, বাতাসে উড়ে এবং চার বা পাঁচবার ঘুরে, এবং যতটা সোজা সে লুইসিয়ানা যেতে পারে, তার পিছনে প্রতিটি হাঁস। "হংক-হংক, হংক-হংক," সে এখানে আসছে। কেন? সে একজন পথপ্রদর্শক! আমেন! হাঁস তাদের পথপ্রদর্শককে জানে, মন্ডলী সেটা জানে না। হ্যাঁ, সে জানে কি করতে হবে।

75 আলাস্কা প্লাম্ব থেকে, বৃদ্ধ হাঁসদের দেখুন। এখন, একটি বৃদ্ধ হাঁস সবসময় তাদের নেতৃত্ব দেয়, এবং তাদেরকে সেই হাঁসটির দিকে খুব ভালো করে নজর দিতে হয়। তাদের জানতে হবে সেই হাঁসটি কী নিয়ে কথা বলছে। আপনারা কি প্রায় চার বছর আগে প্রকাশিত *লুক* ম্যাগাজিনে পড়েছিলেন, যেখানে একটি বৃদ্ধ হাঁস একসময় জানত না সে কী করছে এবং সে একদল হাঁসকে ইংল্যান্ডে নিয়ে যায়? সেটা ঠিক। ইংল্যান্ডে তাদের আগে কখনো দেখা যায়নি। কেন? তারা কখনো তাদের—তাদের নেতাকে লক্ষ্য করেনি। সেই বৃদ্ধা হাঁসটি জানত না সে কোথায় যাচ্ছে। আর এখন তারা সেখানে এবং ফিরে আসতে পারছে না।

76 এইসব হাঁসদের সাথে এটাই আজকের ব্যাপার, এরা এখনও ঝাঁকে ঝাঁকে উড়ছে। তারা বলে, *লুক* ম্যাগাজিনে বলে, এই

হাঁসদের দল ঝাঁকে ঝাঁকে উড়ছে এবং ইংল্যান্ডের চারপাশে উড়ে বেড়াচ্ছে, কিন্তু তারা জানে না কীভাবে ফিরে আসতে হবে। আমার জানা কিছু *হাঁসদের* সাথে এমনই হয়েছে। আপনার একটি ঝাঁক আছে, আর একটি বড় দীর্ঘস্থায়ী সভা, এবং কিছু পুনরুজ্জীবনবাদী সাথে নিয়ে এসে কিছুক্ষণ প্রচার করে, কিন্তু আপনি জানেন না আপনি কোথায় যাচ্ছেন। ঝাঁকে ঝাঁকে উড়ছে, কারণ আপনাকে ধর্মসম্প্রদায়ের মদোন্মত্ততায় পরিচালনা করার জন্য আপনার কাছে কিছু হাঁস রয়েছে; আর ঈশ্বরের বাক্যে ফিরে যাওয়ার জন্য নয়, পবিত্র আত্মার বাপ্তিস্মার দিকে নয়। আর তারপরে আমরা বিস্ময় হই কেন আমাদের সময়ে আমরা পুনরুজ্জীবন পাই না। উম-হুম। দেখুন ? আপনাকে সেই নির্দিষ্ট আওয়াজ শুনতে হবে! সেই আওয়াজ হল সুসমাচারের তূরী যা সুসমাচার থেকে বের হয়, ঈশ্বরের প্রতিটি বাক্য থেকে। ধর্মমত থেকে নয়, ধর্মসম্প্রদায় থেকে নয়; কিন্তু বাইবেল থেকে, পবিত্র আত্মা থেকে। "এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে যাহারা বিশ্বাস করে।" দেখুন ? আর সেখানে তারা রাস্তা দিয়ে যায়।

77 একটি বৃদ্ধ হাঁস একবার, তারা বলেছিল, একটি দলকে মেরে ফেলে, অন্ধকারের মধ্য দিয়ে তাদের উড়ানোর চেষ্টা করে, সে কোথায় যাচ্ছিল সে নিজেও জানত না, আর তারা সবাই সেখানে পাহাড়ের সঙ্গে আঘাত করেছিল, এবং তাদের মধ্যে কিছু বিচ্ছিন্ন হয়ে যায়, ফেটে যায়। নিশ্চই! তাদেরকে তাদের সেই নির্দিষ্ট আওয়াজ জানতে হবে। সেই বৃদ্ধ হাঁসটি, যদি তার কাছে সেই নির্দিষ্ট আওয়াজ থাকত এবং সবাই এটা জানত, তাদের ছোট ঝাঁকে জয়ন্তী করে আর তারা দক্ষিণে চলে যেত। তারা কিসের জন্য সেখানে যায় ? যেখানে ঠান্ডা নেই।

78 এখন, যদি ঈশ্বর একটি হাঁসকে শীতলতা এড়ানোর জন্য পর্যাপ্ত জ্ঞান দিয়ে থাকেন, তাহলে তাকে মন্ডলীকে কতটা দেওয়া উচিত ? যদি একটি হাঁস প্রবৃত্তির দ্বারা এটা করতে পারে, তাহলে মন্ডলীতে পবিত্র আত্মার সম্পর্কে কি ? এটা আমাদের পুরানো আনুষ্ঠানিকতা এবং ধর্মমত এবং বিষয়গুলি থেকে পবিত্র আত্মার একটি গৌরবময়, অপূর্ব বাপ্তিস্মার দিকে নিয়ে যাওয়া উচিত। এটা সদ্‌গুণ, জ্ঞান, ধৈর্য, ধার্মিকতা এবং পবিত্র আত্মা নিয়ে আসে। প্রকৃত পথপ্রদর্শক সেটাতেই পরিচালনা করবেন, কারণ তিনি সুসমাচার ছাড়া আর কিছুই বলবেন না, শুধু ঈশ্বরের বাক্য। অবশ্যই, আপনার একজন পথপ্রদর্শকের প্রয়োজন আছে!

79 যখন, পণ্ডিতরা, তারা ঈশ্বর সম্পর্কে কিছুই জানতেন না। তারা ছিল—তারা ছিল জাদু-কর্মী, জ্যোতিষী। তারা পূর্বদিকে

ছিলেন। আপনারা জানেন, বাইবেল বলে, “আমরা পূর্ব্বদেশে তাঁহার তারা দেখিয়াছি, ও তাঁহার উপাসনা করিতে আসিয়াছি।” তারা পশ্চিম থেকে এসেছিলেন, তারা পূর্ব দিকে তাকান এবং তার তারা দেখেছিলেন...বা পশ্চিমে তাকিয়েছিলেন, তারা ছিল পূর্ব দিকে। “আমরা পূর্বে ছিলাম, এবং পশ্চিমে তার তারা দেখেছিলাম।” দেখুন? “আমরা পূর্বে তার তারা দেখেছি।” আর, দেখুন, তারা পূর্বে ছিলেন। “যখন আমরা পূর্বে ছিলাম তখন আমরা নক্ষত্রটি দেখেছিলাম, এবং আমরা তাঁর উপাসনা করতে এসেছি।”

80 আমি কল্পনা করতে পারি যে সেই পণ্ডিতরা যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছেন। আমি কল্পনা করতে পারি যে তাদের একজনের স্ত্রী তাকে বলেছিলেন, বলেছিলেন, “দেখো, সবকিছু গুছিয়ে নেওয়া হয়েছে, কিন্তু তোমার কম্পাস কোথায়?”

তিনি বলেছিলেন, “আমি—আমি এইবার কম্পাস ব্যবহার করতে যাচ্ছি না।”

81 বলেছিলেন, “তুমি কিভাবে পাহাড় পেরিয়ে যাবে?” মনে রাখবেন, তাদের টাইগ্রিস নদী পার হয়ে সমতলভূমি দিয়ে নেমে আসতে হয়েছিল, আর সেই...কেন, তাদের উটের উপর দুই বছর ভ্রমণ করতে হয়েছিল। কিভাবে তারা এটা করতে যাচ্ছে? বলেছিলেন, “ঠিক আছে, তুমি একটি কম্পাসও নিচ্ছ না।”

বলেছিলেন, “না।”

“কেমন করে যাবে?”

82 “আমি ঈশ্বরের দেখানো পথে যাচ্ছি। সেই তারা আমাকে সেই রাজার কাছে নিয়ে যাবে।” এটাই।

83 “আমরা তাঁর তারাকে পূর্বে দেখেছি, এবং পশ্চিমে তাঁর উপাসনা করার জন্য সমস্ত পথ অনুসরণ করেছি। তিনি কোথায়?” তারা ঈশ্বরের দেখানো পথ অনুসরণ করেছিল। কিছুক্ষণের মধ্যে তারা সেখানে একগুচ্ছ ধর্মমতের সাথে আবদ্ধ হয়ে গেল। তারা যিরূশালেমে প্রবেশ করে এবং রাস্তায় এইদিকে সেইদিকে যেতে শুরু করে, এই ভালো পোশাক পরিহিত লোকেরা, বলতে থাকে, “তিনি কোথায়? ইহুদিদের রাজা তিনি কোথায় জন্মগ্রহণ করেছেন?” ঠিক আছে, তিনিই ছিলেন মাথা, সেটা ছিল যিরূশালেমে। অবশ্যই বড় গির্জাকে এর সম্পর্কে কিছু জানা উচিত। “তিনি কোথায়? ইহুদিদের রাজা তিনি কোথায় জন্মগ্রহণ করেছেন? আমরা তার তারাকে পূর্বে দেখেছি, আমরা তাঁর উপাসনা করতে এসেছি। তিনি কোথায়?”

84 কেন, তারা *অমুক* পালকের কাছে গিয়েছিল আর *অমুক* প্রধান যাজকের কাছে গিয়েছিল, তাদের কেউই এই সম্পর্কে কিছুই জানতেন না। "কেন, একজন জন্মগ্রহণ করেছেন ইহুদিদের রাজা, তিনি কোথায় ?" তারা জানতেন না।

85 কিন্তু পাহাড়ের পাশে সেখানে একদল রাখাল সময় কাটাচ্ছিল, হ্যাঁ, মহাশয়, কারণ তারা ঈশ্বরের প্রদত্ত পথে এসেছিল।

86 তাই তারা সেখানেই থেকে গেল, এবং সরাসরি তিনি বললেন, "আমি আপনাকে বলব আমাদের কি করা উচিত, আমাদের বোর্ড মিটিং করা উচিত।" তাই তারা সানহেড্রিন কাউন্সিল ডেকেছিল, আর—আর ভেবেছিল যদি তারা এর সম্পর্কে কিছু শুনে থাকে। "না, আমরা তার সম্পর্কে কিছুই জানতাম না।"

87 আজও একই ব্যাপার। তারা এই পথপ্রদর্শকের সম্পর্কে কিছুই জানে না, এই পবিত্র আত্মা যিনি সুস্থ করেন, পূরণ করেন, উদ্ধার করেন, পুনরায় আসছেন। যে পথপ্রদর্শক আমাদের এই সব ঘটনা বলেছেন, এখানে আমরা ঠিক তাদের মাঝেই আছি। একজন হৃদয়ের চিন্তার বিচক্ষণকারী; তারা এই সম্পর্কে কিছুই জানেন না, তারা একে মনোবিদ্যা বা কিছু বলে। তারা জানে না এর সম্পর্কে কি বলা উচিত।

88 সুতরাং, আপনারা দেখুন, সেই জ্ঞানী ব্যক্তিরা, যতক্ষণ... মনে রাখবেন, যখন তারা যিরূশালেমে প্রবেশ করলেন, তারাটি অদৃশ্য হয়ে যায়। আর যতক্ষণ আপনি আপনাকে ঈশ্বরের কাছে পরিচালনা করার জন্য ধর্মমত এবং ধর্মসম্প্রদায়ের দিকে দেখেন, ঈশ্বরের সাহায্য আপনাকে ছেড়ে যাবে। কিন্তু যখন তারা অসুস্থ এবং ক্লান্ত হয়ে পড়েন, আর সেগুলো ছেড়ে দেন, সেই ইহুদিদের ধর্মমত ও সম্প্রদায়কে ত্যাগ করেন, এবং যিরূশালেম থেকে বেরিয়ে যান, তখন তারাটি আবার আবির্ভূত হয় এবং তারা অত্যন্ত আনন্দিত হয়ে উল্লাস করে। তারা আবার পথপ্রদর্শককে দেখতে পেল! ওহ, এটা কেমন, একটি পুরাতন ঠান্ডা প্রচলিত গির্জায় যান, তারপর একটি ভাল জায়গায় ফিরে যান যারা আগুনে আছে, পথপ্রদর্শকে পরিচালনা করতে দেখুন, এটা কি পার্থক্য! হ্যাঁ, "আমরা তার তারাকে পূর্বে দেখেছি এবং আমরা তাঁর উপাসনা করতে এসেছি।"

89 যিহোশূয় তাদের বলেছিলেন, "সদাপ্রভুর নিয়ম-সিন্দুকের পিছনে থাকবেন, কারণ আপনারা আগে এই পথে যাননি।" ঈশ্বর সেই নিয়ম-সিন্দুকে কোথাও যেতে দেবেন না কিন্তু যেটা ঠিক। সবাই এটা অনুসরণ করে, এবং এটা ঠিক যর্দ্দন নদী পার হয়ে যায়।

90 পবিত্র আত্মার দ্বারা আজও একই। হ্যাঁ, মহাশয়। একমাত্র বিষয় যেটা আমরা জানি, পবিত্র আত্মা হোক বা না হোক, আমরা এর প্রকা-...প্রকাশ দেখতে পাই, প্রকাশন যা ঈশ্বরের বাক্যকে সত্য প্রমাণিত করে।

91 এখন, খুব বেশিদিন হয়নি, কিছু ভাইদের কাছে রক্ত এবং তেল ছিল, এবং তারা যদি সেভাবে করতে চায় তবে ঠিক আছে। আমি...সেটা আমার কাছে কোন প্রমাণ নয়। এটা একটা শাস্ত্রের প্রমাণ, দেখুন, যতক্ষণ পর্যন্ত এটা প্রমাণ করছে ঈশ্বর কি বলেছেন, সেটা ঠিক আছে। তারা বলেছিলেন, "সেই জন্যই আপনি পবিত্র আত্মা পেয়েছেন, আপনি আপনার হাতে তেল পেয়েছেন।" এখন, আমি—আমি এর জন্য যেতে পারি না। দেখুন? না, আমি বিশ্বাস করি না যে তেলের সাথে এর কোনও সম্পর্ক আছে। আর সেই রক্ত যদি নিরাময় করে এবং পরিত্রাণের জন্য যায়, তাহলে যীশু খ্রীষ্টের রক্তের কী হয়েছিল? যদি সেই তেল নিরাময় করে, তাহলে তার বেত্রাঘাতের কি হবে? দেখুন? দেখুন?

92 আমি পথপ্রদর্শকের উপস্থিতি পছন্দ করি, যিনি বাক্যের সত্যতা আপনার কাছে নিয়ে আসেন, তখন আপনি জানতে পারবেন যে আপনার লক্ষ্য স্থির হয়েছে আর আপনি বিপরীতে সংখ্যা গণনার জন্য প্রস্তুত। সেটা ঠিক, উড়ে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছি। হ্যাঁ, মহাশয়। হ্যাঁ, কারণ কেন? যিনি পথপ্রদর্শক তিনিই এটাকে বাস্তব করেন।

93 আমি এখানে একটি বাক্য পেয়েছি, আমি এই বাক্যটি দিয়েছিলাম, কিন্তু আমি এটা পড়তে চাই। দ্বিতীয় পিতর, ১ম অধ্যায়, ২১তম পদ।

> *কারণ...ভাববাণী কখনও মনুষ্যের ইচ্ছাক্রমে উপনীত হয় নাই: কিন্তু মনুষ্যেরা পবিত্র আত্মা* দ্বারা *চালিত হইয়া ঈশ্বর হইতে যাহা পাইয়াছেন, তাহাই বলিয়াছেন।*

94 ভবিষ্যদ্বাণী কিভাবে এল? মানুষের ইচ্ছার দ্বারা নয়, ধর্মসম্প্রদায়ের ধর্মমতের দ্বারা নয়; কিন্তু ঈশ্বরের ইচ্ছায়, যখন পবিত্র মানুষ পবিত্র আত্মার দ্বারা অনুপ্রাণিত হয়েছিল। তিনি সর্বদা ঈশ্বরের পথপ্রদর্শক ছিলেন। তিনি পবিত্র আত্মা ছিলেন যিনি অগ্নিস্তম্ভের ভিতরে ছিলেন, তিনি পবিত্র আত্মা, কোন ব্যক্তি যিনি জানেন যে তিনিই খ্রীষ্ট ছিলেন। মোশি মিশর ত্যাগ করেছিলেন, তিনি মিসরের সমস্ত ধন অপেক্ষা খ্রীষ্টের দুর্নাম মহাধন জ্ঞান করেছিলেন। খ্রীষ্ট ছিলেন একজন। ঠিক আছে, যখন তারা সেখানে দাঁড়িয়ে

বলেছিলেন, "ঠিক আছে, আপনি বলছেন যে আপনি...কেন, তোমার বয়স এখনও পঞ্চাশ বৎসর হয় নাই, তুমি কি অব্রাহামকে দেখিয়াছ?"

95 তিনি বলেছিলেন, "অব্রাহামের জন্মের পূর্ব্বাবধি, আমি আছি।" আমি সেই জন যিনি মোশির সাথে জ্বলন্ত ঝোপে আগুনের স্তম্ভে দেখা করেছিলাম। হ্যাঁ, মহাশয়। তিনি ঈশ্বর ছিলেন দেহধারণ করেন। তৃতীয় ব্যক্তি নয়; একই ব্যক্তি ভিন্ন কার্যালয়ে। তিনটি ঈশ্বর নয়; একই ঈশ্বর তার তিনটি কার্যালয়। সঠিকভাবে।

96 ঠিক আছে, এখন, বাক্য। সব সময়, যখন ঈশ্বর প্রদান করেন, তিনি সর্বোত্তম প্রদান করেন। যখন ঈশ্বর তার মন্ডলীকে পোক্ত করার একটি উপায় প্রদান করেছিলেন, তখন তিনি সর্বোত্তম প্রদান করেছিলেন। যখন তিনি আদম ও হবাকে দেন, এদন উদ্যানে, তিনি তাদের যা দিয়েছেন সেটা হল তাঁর বাক্য। "তোমরা বাক্যর পিছনে থাকবে, তোমরা নিরাপদে থাকবে। আর তোমরা যদি এটার থেকে বেরিয়ে আসো, যেদিন তোমরা এটা খাবে সেদিন তোমরা মারা যাবে।" ঈশ্বর কখনও তাঁর কৌশল পরিবর্তন করেননি। আর শয়তান কখনো তার কৌশল পরিবর্তন করেনি; সে কিভাবে আদম ও হবা মধ্যে প্রবেশ করছিল, সে আজও তাদের মধ্যে প্রবেশ করে। কেন? এটাকে যুক্তি দিয়ে বলার চেষ্টা করে। "এখন, এটা যুক্তিসঙ্গত যে ঈশ্বর করবেন না। ওহ, ঈশ্বর বলেছেন," শয়তান বলল, "কিন্তু নিশ্চয় একজন পবিত্র ঈশ্বর তা করবেন না।" নিশ্চয়ই তিনি করবেন, কারণ তিনি বলেছেন তিনি করবেন!

97 আর এটাই আজ লোকেরা বলে, "ওহ, এখন অপেক্ষা করুন! আপনি এখন বিশ্বাস করবেন না, যদি আমি গির্জায় যাই এবং আমি আমার দশমাংশ দান করি, এবং আমি *এটা* করি, *ওটা* করি, ঈশ্বর আমাকে সেখানে ফেলে দেবেন?" যদি না একজন মানুষের নতুন জন্ম হয়, সে ঈশ্বরের রাজ্যকে বুঝতে পারবে না! দেখুন? কোন অজুহাত চলবে না! "ঠিক আছে, সেই দরিদ্র বৃদ্ধ, সেই দরিদ্র বৃদ্ধা মহিলা, সেখানে একটি ভালো পুরানো প্রান আছে।" ঈশ্বরকে দেখার একমাত্র উপায় হল, নতুন করে জন্ম নেওয়া। এটাই শুধু দরকার। আমি ততটা গুরুত্ব দিই না, কত ছোট, কত বয়সী, কতটা তরুণ, তারা কি করেছে, তারা কতবার মন্ডলীতে গেছে, তারা কতগুলি ধর্মসম্প্রদায় সম্বন্ধে জানে, তারা কতগুলো ধর্মমত বর্ণনা করতে পারে। আপনাকে নতুন করে জন্ম নিতে হবে অথবা আপনি ভিত্তিতেও নেই, শুরু করার জন্য। এটা একদম ঠিক।

98 সুতরাং, আপনারা দেখুন, আপনার পথপ্রদর্শকের দরকার। তিনি আপনাকে সত্যের দিকে পরিচালিত করবেন, এবং সত্য হল বাক্য। তিনি আপনাকে পরিচালিত করবেন। আর এটা সব সময় এই রকমই হয়। ঈশ্বরকে কখনো কিছুই পরিবর্তন করতে হয় না, কারণ তিনি অসীম এবং তিনি জানেন কোনটা ভালো। তিনি সর্বব্যাপী, তিনি সর্বজ্ঞ, তিনি—তিনি সমস্ত কিছু। এটা ঠিক, ঈশ্বর, তাই তাকে পরিবর্তন করতে হয় না। ঠিক আছে।

99 তিনি আপনাকে যে পথে পরিচালনা করেন তার নিশ্চিতকারী। পবিত্র আত্মা, পথপ্রদর্শক, তিনি যে বাক্যটি শিক্ষা দিচ্ছেন তার নিশ্চিতকারী। এখন, লূক পথপ্রদর্শকের দ্বারা পরিচালিত হয়েছিলেন, বলার জন্য, "তোমরা সমুদয় জগতে যাও, সমস্ত সৃষ্টির নিকটে সুসমাচার প্রচার কর। যে বিশ্বাস করে ও বাপ্তাইজিত হয় সে পরিত্রাণ পাইবে, কিন্তু যে অবিশ্বাস করে তাহার দণ্ডাজ্ঞা করা যাইবে। আর যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে; তাহারা আমার নামে ভূত ছাড়াইবে, তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে, তাহারা সর্প তুলিবে, এবং প্রাণনাশক কিছু পান করিলেও তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না, তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে আর তাহারা সুস্থ হইবে।" আর বাইবেল বলে যে, "তারা সর্বত্র বেরিয়ে যায়," পথপ্রদর্শকের দ্বারা চালিত হয়ে, আপনারা জানেন, "প্রচার করিতে লাগিলেন; অনুবর্ত্তী চিহ্নসমূহ দ্বারা।" এটা কি ছিল ? পথপ্রদর্শক প্রমাণ করছিলেন এটাই সত্য !

100 এটা ঈশ্বরের নীতি ছিল। সেভাবেই এটা রাখা হয়েছিল। এটা তার কর্মসূচি; তিনি এটা পরিবর্তন করতে পারেন না, কারণ তিনি অনন্ত। আমেন। তিনি এটা পরিবর্তন করতে পারবেন না; তিনি ঈশ্বর। আমি বদলাতে পারি; আমি একজন পুরুষ। আপনি বদলাতে পারেন; আপনি একজন পুরুষ অথবা মহিলা। কিন্তু ঈশ্বর পরিবর্তন হতে পারেন না। আমি সসীম; আমি ভুল করতে পারি এবং ভুল বলতে পারি, আমরা সবাই পারি। কিন্তু ঈশ্বর পারেন না, এবং ঈশ্বর হতে পারেন। তার প্রথম সিদ্ধান্ত নির্ভুল। ঈশ্বর দৃশ্যে যেভাবে কাজ করেন, সেভাবেই তাকে সব সময় কাজ করতে হয়। যদি তিনি একজন পাপীকে বাঁচানোর জন্য ডেকে থাকেন, তবে তিনি একটি বিষয়ের ভিত্তিতে তাকে রক্ষা করে থাকেন। পরের বার যখন পাপী আসে, তাকে একই ভাবে কাজ করতে হয়, অথবা যখন তিনি প্রথমবার কাজ করেছিলেন তখন তিনি ভুল করেছিলেন। আমেন। আমি তাকে ভালবাসি। আমি জানি এটা সত্য।

101 আমার বয়স তিপ্পান্ন বছর, সাড়ে তেত্রিশ বছর ধরে এখানে সুসমাচার প্রচার করছি, আমি কখনো তাকে ব্যর্থ হতে দেখিনি। আমি দেখেছি এটা পরীক্ষা হতে বিশ্বজুড়ে সাতবার, সব ধরণের ধর্ম এবং অন্য সব কিছুর মধ্যে, এক সময়ে পাঁচ লাখ লোকের আগে, এবং এটা কখনও ব্যর্থ হয়নি। আমি কোন বই থেকে কিছু বলছি না, আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি, আমি জানি যে ঈশ্বর তাঁর বাক্যের পিছনে দাঁড়িয়ে আছেন এবং তাকে সম্মান করেন। এখন, যদি আপনার কোন ধরণের ধর্ম মতবাদ থাকে, তাহলে আপনি সেটা ভালভাবে দেখুন। কিন্তু পবিত্র আত্মা, ঈশ্বরের বাক্যকে সমর্থন করবে।

102 যোহন, ১ম অধ্যায় তার ১ম পদে, তিনি বলেছেন তিনি বাক্য, তিনি পথপ্রদর্শক: "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর সেই বাক্য দেহধারন করলেন, এবং আমাদের মধ্যে প্রবাস করিলেন।" আমার!

103 প্রেরিত ২:৩৮, পিতর বলার জন্য পরিচালিত হয়েছিলেন, কিভাবে পবিত্র আত্মা গ্রহণ করবেন, তিনি বলেছিলেন, "মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে।" হ্যাঁ, এটাই করণীয়। প্রথমে, আপনার পাপ, আপনার অবিশ্বাসের জন্য অনুতাপ করুন, যে আপনি এই বিষয়গুলি অবিশ্বাস করেছেন। অনুতাপ করুন, এবং তারপর বাপ্তিস্ম নিন, এবং তারপর পথপ্রদর্শক আপনাকে সেখান থেকে নিয়ে যাবেন। দেখুন, এটাই আপনার কর্তব্য। অনুতপ্ত হওয়া আপনার কর্তব্য। বাপ্তিস্ম নেওয়া আপনার কর্তব্য। তারপর এটা পথপ্রদর্শকের কর্তব্য আপনাকে সেখান থেকে নিয়ে যাওয়া, আপনাকে সদ্গুণে জ্ঞান, জিতেন্দ্রিয়তা, ধৈর্য, ভক্তি এবং ভ্রাতৃস্নেহে পরিচালিত করা, আর পবিত্র আত্মা আপনাকে সীলমোহর করেন। দেখুন? তখন আপনি ঈশ্বরের একটি পূর্ণ কাঠামো, ঈশ্বরের একজন প্রকৃত পুরুষ, ঈশ্বরের একজন প্রকৃত মহিলা, খ্রীষ্টের মধ্যে নোঙ্গর করা। আমি এটা ভালবাসি, খ্রীষ্টের মধ্যে নোঙ্গর করা।

104 হ্যাঁ, পবিত্র আত্মার দ্বারা মার্ক পরিচালিত হয়েছিলেন, মার্ক ১৬ অধ্যায় লিখতে, অবশ্যই।

105 যোহন পরিচালিত হয়েছিলেন যখন তিনি প্রকাশিত বাক্য লিখেন। তিনি পথপ্রদর্শকের দ্বারা পরিচালিত হয়েছিলেন। তিনি এটা

বলার জন্যও পথপ্রদর্শকের দ্বারা পরিচালিত হয়েছিলেন, "যদি কেহ এই ভাববাণী-গ্রন্থের বচন হইতে কিছু হরণ করে, অথবা ইহার সহিত আর কিছু যোগ করে, তবে ঈশ্বর এই গ্রন্থে লিখিত জীবন-বৃক্ষ হইতে ও পবিত্র নগর হইতে তাহার অংশ হরণ করিবেন।"

106 এখন, আপনি কিভাবে ঈশ্বরের বাক্যের সঙ্গে কিছু প্রতিস্থাপন করতে পারেন, আর বলেন যে আপনি পবিত্র আত্মার দ্বারা পরিচালিত ? বোঝা যাচ্ছে না, তাই না ? না, মহাশয়। তা হয় না।

107 তিনি আমার জীবনের পথপ্রদর্শক ছিলেন। তিনি আমাকে জীবনের দিকে পরিচালিত করেছেন। তিনিই আমাকে জীবনের দিকে পরিচালিত করেছিলেন এবং তিনিই আমার জীবন। তাকে ছাড়া আমার কোন জীবন নেই। তাকে ছাড়া আমি আর কিছু চাই না। তিনিই আমার সব কিছু। আমার কষ্টের সময়ে, তিনি আমার পাশে দাঁড়ান। গতকাল তিনি আমাকে আশীর্বাদ করেছিলেন, আজও তারা একই কাজ করেছেন। আমি কি আশা করতে পারি ? অনন্ত কাল একই, তাঁর নামের প্রশংসা হউক! আমেন। হ্যাঁ, মহাশয়। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি এটা করবেন। তিনি আমার জীবন, তিনিই আমার পথপ্রদর্শক, সর্বেসর্বা। আমি তাকে বিশ্বাস করেছি। আমার কিছু কঠিন পরীক্ষা হয়েছে। আমি যেখানেই যাই তাকে বিশ্বাস করি। আমি চাই আপনারাও এটা করবেন। আপনারা যদি পরিষ্কার হতে যান, আপনারা মহিলারা, তার উপর বিশ্বাস করুন। আপনারা যদি শহরের বাইরে যান, তার উপর বিশ্বাস করুন।

108 একটা সময় ছিল যখন আমি ভেবেছিলাম যে আমি একজন ভালো শিকারী ছিলাম, আপনারা জানেন, অনেক শিকার করেছি। আমি ভেবেছিলাম, "আমি অব্যর্থ, কেউ পারবে না...আপনি আমাকে পথভ্রষ্ট করতে পারবেন না। আমার মা অর্ধেক ইন্ডিয়ান ছিলেন, আর আমি এটা পছন্দ করতাম। হে, আমার! আপনি আমাকে জঙ্গলে পথভ্রষ্ট করতে পারবেন না, আমি জানি আমি কোথায় আছি।"

109 এবং আমার হানিমুনে, আমি স্ত্রীকে কিছুটা প্রতারিত করেছিলাম, আমি তাকে বলেছিলাম, "তুমি জানো, প্রিয়, তেইশ অক্টোবরে বিয়ে করা আমাদের জন্য ভালো হবে।" কারন, প্রভু আমাকে তখনই করতে বলেছিলেন।

110 এবং আমি ভেবেছিলাম, "এখন, এই হানিমুনের জন্য, আমি আমার অর্থ সঞ্চয় করেছিলাম, এবং আমি তাকে নায়াগ্রা জলপ্রপাতের কাছে নিয়ে যেতাম, এবং এডাইরনডেক এর উপরে

গিয়ে একটু শিকার করতাম।” দেখুন? তাই আমি তাকে এবং বিলিকে নিয়ে গেলাম, সে ছোট ছিল। তাই আমাকে তাকে হানিমুনে নিয়ে যেতে হয়েছিল, আর এটা একটা শিকার ভ্রমণও ছিল, আপনারা জানেন। তাই—তাই আমি ভেবেছিলাম যে এটা করা ভাল হবে। আর তাই আমি তাকে নিয়ে গেলাম, এবং...

111 আমি মিস্টার ডেন্টনকে লিখেছিলাম, রেঞ্জার। আর আমরা হারিকেন পর্বতে যাচ্ছিলাম। আর আমি বললাম, “মিস্টার ডেন্টন, আমি আসছি, আমি এই শরত্কালে আপনার সাথে কিছু ভালুক শিকার করতে চাই।”

112 আর তিনি বলেছিলেন, “ঠিক আছে, বিলি, চলে এসো।” তাই তিনি বললেন, “আমি একটি *নির্দিষ্ট* তারিখে সেখানে থাকব।” ঠিক আছে, আমার স্ত্রী আর আমি একদিন আগে সেখানে পৌঁছেছিলাম, আর বিলি, এবং কেবিনটি তালাবদ্ধ ছিল। সেখানে জঙ্গলের মধ্যে ছোট্ট একচালা ছিল।

113 যেখানে, ভাই ফ্রেড সোথম্যান আর আমি কিছুদিন আগে গিয়েছিলাম এবং সেখানে দাঁড়িয়ে ছিলাম। পবিত্র আত্মা, আমি তাকে সেখানে দাঁড়িয়ে থাকতে দেখেছি, সেই হলুদ আলো ঝোপের মধ্যে ঘুরছে, এবং ফ্রেড ঠিক সেখানে দাঁড়িয়ে ছিলেন। তিনি বললেন, “একপাশে এসো, আমি তোমার সাথে কথা বলতে চাই। আগামীকাল,” বললেন, “সাবধান, তারা তোমার জন্য একটি ফাঁদ পেতেছে।” বললেন, “সতর্ক থাকো!” এটা কি ঠিক, ভাই ফ্রেড? আর আমি সেই রাতে শত শত লোককে বলেছিলাম, ভারমন্ট এ, আমি বললাম, “আমার জন্য একটি ফাঁদ পাতা হয়েছে; আমি এটা দেখতে যাচ্ছি। আমি জানি না এটা কোথায়।” আর ঠিক পরের রাতে, সেখানে এটা আসে, সেখানে এটা ছিল। বলল, “এখানে সেই ফাঁদ যেটা পাতা হয়েছে।” হ্যাঁ, মহাশয়। কিন্তু পবিত্র আত্মা আমাকে কি করতে হবে তা নির্দেশ করেন। আর, ওহ, আমার, এটা সঠিক ছিল! ওহ, আপনারা অনেকেই জানেন এটা কী ছিল। আমার এটা বলার সময় নেই।

114 কিন্তু সেই সময় সেই স্থানে দাঁড়িয়ে, সেই দিন ঠাণ্ডা পড়তে শুরু করে। মিস্টার ডেন্টন পরদিন আসছিলেন, আমি বললাম, “তুমি জানো, প্রিয়, আমি যদি বাড়িতে নিয়ে যাওয়ার জন্য একটি—একটি বড় হরিণ পাই তবে ভালো হবে।” আমি বললাম, “আমরা করেছি...আমাকে এই টাকাগুলো সঞ্চয় করতে হয়েছিল, আর আমরা সবেমাত্র বিয়ে করেছি।” আর আমি বললাম, “যদি আমি

আজ একটু শিকার করি তাহলে আমরা আমাদের শীতের জন্য মাংস পেয়ে যাব।”

115 আর সে বলল, “ঠিক আছে, এগিয়ে যাও, বিলি।” বলল, “এখন, তোমার মনে আছে, আমি কখনোই এই বনে আসিনি,” সে বলেছিল। সে পাহাড়ে প্রায় পঁচিশ মাইল উপরে ছিল, আপনারা জানেন, আর সে বলল, “আমি এর সম্পর্কে কিছুই জানি না।” আর সে বলল, “তাই আমি...”

116 আমি বললাম, “ঠিক আছে, এখন তোমার মনে আছে, দুই বছর আগে আমি সেই তিনটি ভালুককে মেরেছিলাম। ওটা ঠিক সেখানে পাহাড়ের চূড়ায় ছিল।” আর আমি বললাম, “এখন, আমি একটা বড় হরিণ নিয়ে আসব আর কিছু ভালুক,” আর আমি বললাম, “আমাদের শীতের জন্য মাংস হয়ে যাবে।” ঠিক আছে, বেশ ভালো শোনায়, আপনারা জানেন। (আর আমরা ব্ল্যাকবেরি তুলে নিই, আর আমাদের জন্য কয়লা কারন—কারন তখন শীত ছিল; আর তখন বিলি এটা বিক্রি করে, আর আমি টহল থেকে ফেরার পর মেডা আর আমি একটি সন্ধ্যা বেছে নিলাম।) তখন আমি—আমি বললাম, “ঠিক আছে, আমি আমার রাইফেল তুলতে যাচ্ছি, আমি এখানে যাচ্ছি।” আমি বললাম, “এখানে প্রচুর হরিণ আছে, আমি একটি খুঁজে আনব।” আর আমি বললাম, “তুমি জানো,” আমি বললাম, “তারপর আমি তার সঙ্গে দেখা করবো।” আর আমি বললাম, “ঠিক আছে...আমি কিছুক্ষণের মধ্যে ফিরে আসব।”

সে বলল, “ঠিক আছে।”

117 তাই, যখন আমি শুরু করলাম, এটা এক ধরণের নিচু ছিল। আর আপনারা যারা নিউ হ্যাম্পশায়ারের মানুষ, এবং সেখানে নিউ ইংল্যান্ডে, যখন কুয়াশা নেমে আসে তখন এর অর্থ কী তা জানেন, অথবা পাহাড়ের অন্য কোথাও, আপনি কোথায় আছেন তা আপনি জানেন না। সেটাই সবকিছু। আপনি আপনার হাত সামনে দেখতে পান না। তাই তখন আমি একটা—একটা ছোট গিরিখাতের মধ্যে দিয়ে নীচে নামতে থাকি, অনেকটা, নীচে নেমে, আর পর্বতমালার অন্য পাশে গিয়ে উপরে উঠার জন্য। আর আমি একটা চিতাবাঘ লক্ষ্য করি, আপনারা তাকে দেশের এই অংশে তাই বলেন। আমরা এটাকে বলি, পশ্চিমে, একটা বনবিড়াল। তারা একে বলে, সেখানে, পাহাড়ি সিংহ। এরা সব একই প্রাণী। আসলে, এটা একটা পুমা। একই বিড়াল, প্রায় নয় ফুট লম্বা, ওজন প্রায় একশ পঞ্চাশ, দুইশ

পাউন্ড। সে রাস্তা অতিক্রম করে, আর আমার বন্দুকটি দ্রুত পিছলে যায়, তাকে গুলি করার জন্য এটা যথেষ্ট দ্রুত ছিল না।

118 ঠিক আছে, আমি পাহাড়ের উপর দিয়ে দ্রুত গেলাম, সেই বনবিড়ালের পিছনে ধাওয়া করে, যেখান থেকে সে গেছে সেটা লক্ষ্য করে, আপনারা জানেন। আমি তাকে শুনতে পাচ্ছিলাম। তার চারটি পা ছিল। আমি জানতাম সে দুই পায়ের প্রাণী ছিল না, চার পা ছিল। আর আমি জানতাম সে হরিণ ছিল না, কারণ হরিণ দ্রুত লাফিয়ে যায়। আর সে খুব সহজেই সরে যেত, বিড়াল, আপনারা জানেন, এই রকম। আর একটি ভাল্লুক হাঁটার সময় তার পা গড়িয়ে যায়। আর তাই আমি জানতাম এটা অবশ্যই একটি বনবিড়াল হবে। আর সে একটি লগের পিছনে ছিল এবং আমি তাকে দেখিনি, যখণ তার আভাস পাওয়া গেল, সে চলে গেছে।

119 আর আমি দেখলাম যেখানে সে পাতাগুলিকে সরিয়ে ছিল, আপনারা জানেন, পাহাড়ের চূড়ায়, এবং এইভাবে নিচে, আর আমি লক্ষ্য করিনি যে মেঘ নেমে আসছে, আপনারা জানেন, কুয়াশা নেমে আসছে। আমি নেমে গেলাম, নেমে গেলাম একটা দারুণ উপত্যকার মধ্য দিয়ে এবং এই বনবিড়ালকে অনুসরণ করে প্রকাণ্ডের মধ্যে চলে গেলাম। আমি ভেবেছিলাম, “আমি কিছুক্ষণ মধ্যে তাকে ধরব।” আমি একটি জায়গা দেখতে চাই, এবং আমি একটি উঁচু জায়গায় ছুটে গিয়ে, এবং চারপাশে এইভাবে দেখে, এবং চারপাশে উঁকি দিয়ে, যদি আমি তাকে দেখতে পাই; খুব মনোযোগ দিয়ে শুনে, এবং নিচে নেমে, আবার নিচে নেমে। আপনি জঙ্গলের খস খস আওয়াজ শুনতে পেতেন, আমার সামনে, বাইরে চলে যাওয়ার মতো। দেখুন, তখন সে গাছে আঘাত করছিল তাই আমি তাকে অনুসরণ করতে পারিনি। দেখুন, সে চালাক হয়ে যায়, গাছে উঠে গাছ থেকে গাছে লাফিয়ে যেতে থাকে। তখন সে জানত আমি তাকে অনুসরণ করতে পারব না। ওহ, আমি ভেবেছিলাম, “ওহ, যাইহোক!”

120 আর আমি গিরিখাতে ফিরে যেতে শুরু করলাম, আর আমি একটি ভাল্লুক, একটি বুড়ো পুরুষ ভাল্লুককের গন্ধ পেলাম। আমি ভাবলাম, “আমি তাকে এখনই পেয়ে যাব, বালক, এটা ভাল!” আমি গন্ধ পেলাম, এবং আমি একটু এগিয়ে গেলাম, আর আমি সব ধরনের লক্ষণ এবং সবকিছুর উপর নজর রেখেছিলাম। আমি কিছুই দেখতে পেলাম না; পিছনে ফিরে, এবং পাহাড়ের অন্য দিকে ফিরে গেলাম। আর তারপর আমি লক্ষ্য করতে শুরু করি, কুয়াশা হচ্ছে। আমি আবার গন্ধ পেলাম, সে কোথাও বাতাসে

ছিল। আমি বললাম, "না। এখন, কি হয়েছিল, বাতাস *এইদিক* থেকে আসছিল, এবং আমি আসি...ভালুকের গন্ধ *ওইদিক* থেকে আসছিল, আর আমি ঘুরে আসলাম আর বাতাস এখন এই অন্য দিক থেকে আসছে। তাই যেখানে প্রথমবার ভাল্লুকের গন্ধ পেয়েছিলাম সেখানে আমাকে ফিরে যেতে হবে, এবং সেখান থেকে এগিয়ে যেতে হবে।"

121 আর আমার ফেরার পথে, আমি গিরিখাতের দিকে তাকালাম, আমি ঝোপগুলোকে সরতে দেখলাম। আর যখন আমি তাকালাম, কিছু কালো মতো সরে গেল। আমি ভাবলাম, "এই যে সে।" আমি বন্দুকের মধ্যে একটি গুলি ভরলাম, দ্রুত, এবং স্থির হয়ে দাঁড়িয়ে রইলাম। আর, যখন এটা সরলো, এটা একটা বড় হরিণ ছিল, খুব বড়। আমি ভাবলাম, "যেভাবেই হোক, আমি এটাই চাইছিলাম।" হরিণটাকে গুলি করলাম।

122 আমি ভাবলাম, "ঠিক আছে!" আমি কখনই লক্ষ্য করিনি যে এটা এক ধরণের...যখন আমি তাকে ঠিক করলাম, দেখলাম... আমি আমার হাত পরিষ্কার করে আর আমার ছুরি ঠিক করলাম, এটা ভিতরে রেখে। আর আমি ভাবলাম, "ঈশ্বরের মহিমা হউক! ধন্যবাদ, প্রভু যীশু, আপনি আমাকে শীতকালের জন্য মাংস দিয়েছেন। ঈশ্বরের মহিমা হউক!" আর আমি আমার বন্দুক নিয়ে নিলাম। আমি ভাবলাম, "আমি এখনই গিরিপথে ফিরে যাব।" আমি বললাম, "এই দেখো, বালক, ঝড় আসছে। আমি ভালোয় ভালো এখান থেকে বেরিয়ে যাই আর মেডা এবং তাদের কাছে ফিরে যাই।" আমি বললাম, "আমাকে তাড়াতাড়ি করতে হবে।"

123 আমি গিরিপথে গেলাম, আমার বড় লাল কোটটার বোতাম খুলে ফেললাম, এবং আমি গিরিখাত দিয়ে *এইভাবে* দৌড়াচ্ছিলাম। প্রথম বিষয় আপনি জানেন, আমি ভেবেছিলাম, "আমার, আমি কোথায় অন্য পথ ধরেছিলাম?" বাতাস ইতিমধ্যেই নেমে এসেছে, গাছগুলো একসঙ্গে লুটিয়ে পড়ছে। আমি ভেবেছিলাম, "আমার, আমি কোথায় অন্য পথ ধরেছিলাম?" আমি ঘুরে এলাম। আমি—আমি জানতাম আমি সরাসরি হারিকেন পর্বতের দিকে যাচ্ছি। কিন্তু আমি থামলাম, আর আমি ঘামছিলাম, আমি ভাবলাম, "কি ব্যাপার এখানে? আমি আধা ঘন্টা বা তিন চতুর্থাংশ চলে গেছি, আর আমি যে জায়গাটিতে অন্য পথ ধরেছিলাম তা খুঁজে পাচ্ছি না।" আমি উপরে তাকালাম, আর সেখানে আমার হরিণ ঝুলানো। আমি ঠিক একই জায়গায় ছিলাম। আমি ভাবলাম, "ঠিক আছে, আমি কি করেছিলাম?"

124 ঠিক আছে, আমি আবার চলতে শুরু করলাম। আমি ভাবলাম, "আমি এইবার এটা ঠিক করে ফেলব, আমি শুধু লক্ষ্য করছিলাম না।" আমি প্রতিটা ছোট্ট নড়াচড়া লক্ষ্য করছিলাম, লক্ষ্য করছিলাম। আমি খুঁজতে থাকলাম, খুঁজতে থাকলাম, খুঁজতে থাকলাম। মেঘ আসছে, আমি জানি একটি তুষারঝড় আসছে, কুয়াশা নেমে এসেছিল, এবং তারপর আমি লক্ষ্য করা শুরু করি। আমি ভাবলাম, "আমি আরেকটু এগিয়ে যাব," চলতে থাকলাম, চলতে থাকলাম, চলতে থাকলাম, চলতে থাকলাম, চলতে থাকলাম, চলতে থাকলাম, চলতে থাকলাম। আর আমি ভাবলাম, "ঠিক আছে, এটা অদ্ভুত, মনে হচ্ছে আমি এই জায়গাটি আগে দেখেছি।" এবং আমি তাকালাম, আর সেখানে আমার হরিণ ঝুলানো। দেখুন ?

125 আপনি কি জানেন আমি কোথায় ছিলাম ? ইন্ডিয়ানরা একে "মৃত্যুর পথ" বলে থাকে। দেখুন, আপনি একটি বৃত্তে ঘুরে বেড়াচ্ছেন, গোল গোল করে। ঠিক আছে, আমি ভেবেছিলাম আমি খুব ভাল একজন পথপ্রদর্শক কোন থাবেই পথ হারাবো না। দেখুন, আমাকে জঙ্গলে কেউ বলার ছিল না, আমি আমার চারপাশের পথ জানতাম। দেখুন ?

126 আর আমি আবার শুরু করলাম। আমি বলেছিলাম, "আমি এই ভুল করতে পারি না।" আর আমি আবার ফিরে আসি।

127 আমি গিরিখাত ধরে কিছুটা এগিয়ে গেলাম, তারপর বাতাস প্রবাহিত হতে শুরু করলো। ওহ, আমার, সর্বত্র তুষার! প্রায় অন্ধকারের দিকে। আর আমি জানতাম যে মেডা সেই রাতে জনহীন স্থানে মারা যাবে, সে জানতো না কিভাবে নিজের যত্ন নিতে হবে। আর বিলির বয়স মাত্র চার বছর ছিল, তিন বছর, ছোট্ট জিনিস। এবং আমি ভাবলাম, "তারা কি করবে ?" ঠিক আছে, আমি এতদূর পর্যন্ত এসেছি আর আমি কিছু শ্যাওলার বিছানা খুজে পাই, আমি ভেবেছিলাম, "আমি কোথাও একটি সমতলে আছি, এবং আমি কিছুই দেখতে পাচ্ছি না, এটা সব কুয়াশাচ্ছন্ন।" আমি এখন ঘুরে বেড়াচ্ছিলাম।

128 সাধারণত, যদি আমার সাথে কেউ থাকতো, তবে আমি একটি জায়গা খুঁজে পেতাম। আমি অপেক্ষা করতাম এবং ঝড় শেষ না হওয়া পর্যন্ত অপেক্ষা করতাম, এক অথবা দুই দিন, এবং বেরিয়ে আসতাম। আমার হরিণের টুকরোটা কেটে...আমার পিঠের উপর, এবং ভিতরে গিয়ে, খেয়ে, আর এই সম্পর্কে ভুলে যেতাম। কিন্তু

আপনি তা করতে পারবেন না, এবং আপনার স্ত্রী এবং বাচ্চা সেখানে জঙ্গলে আছে, কষ্ট পাচ্ছে। দেখুন?

129 তাই আমি ভাবতে শুরু করি, "আমি কি করতে পারি?" তাই আমি একটু এগিয়ে গেলাম। আর আমি ভাবলাম, "এখন, অপেক্ষা করা যাক। যখন আমি সেই প্রথম উপত্যকা অতিক্রম করলাম, বাতাস আমার মুখে ছিল, তাই আমি অবশ্যই এই পথে এসেছি। আমি নিশ্চিতভাবে এই পথে এসেছি।" আর আমি প্রকাণ্ডের পথে নেমেছি, কিন্তু আমি জানতাম না আমি কোথায় ছিলাম। আমি বললাম, "ওহ!" আমি নার্ভাস হতে শুরু করেছি। আর আমি ভাবলাম, "এক মিনিট অপেক্ষা করো, বিল, তুমি হারিয়ে যাওনি," নিজেকে প্রতারণা করার চেষ্টা করছি। আপনি প্রতারণা করতে পারবেন না। না, না। সেই অভ্যন্তরীণ বিবেক আপনাকে বলে যে আপনি ভুল।

130 ওহ, আপনি—আপনি বলতে চেষ্টা করছেন, "ওহ, আমি রক্ষা পেয়েছি, আমি গির্জায় যাই।" আপনি চিন্তা করবেন না, আপনি সেই মৃত্যুশয্যা না আসা পর্যন্ত অপেক্ষা করুন, এবং আপনি জানতে পারবেন এটা ভিন্ন। আপনার বিবেক আপনাকে বলে। আপনার ভিতরের কিছু আপনাকে বলে যে আপনি ভুল করছেন। দেখুন? আপনি জানেন যদি আপনি মারা যান তবে আপনি পবিত্র ঈশ্বরের সাথে দেখা করতে পারবেন না। যেমনটি আমরা গত রাতে তাকে দেখেছি, এমনকি পবিত্র দূতদেরও তার সামনে দাঁড়াতে নিজেদের মুখ আবরণ করে রাখতে হয়। আপনি কিভাবে যীশু খ্রীষ্টের রক্তের বাইরে দাঁড়িয়ে আবৃত থাকবেন?

131 আমি ভেবেছিলাম, "ওহ, আমি এটা তৈরি করব।" আমি শুরু করলাম। আর আমি জানতে পারলাম আমি কিছু শুনতে পাচ্ছি। তারপর আমি ঘাবড়ে গেলাম। আর আমি ভাবলাম, "এখন, যদি আমি এটা করি, আমি টুকরো টুকরো হয়ে যাবো।" একজন হারিয়ে যাওয়া মানুষ সাধারণত এটাই করে, সে জঙ্গলে টুকরো টুকরো হয়ে যায়। তারপর সে তার বন্দুক নেয়, নিজেকে গুলি করবে; অথবা একটি খাদে পড়ে গিয়ে তার পা ভেঙে যায়, এবং সেখানে সে পড়ে থাকে, সে সেখানেই মারা যাবে। তাই আমি ভাবলাম, "আমি কি করতে যাচ্ছি?" তাই আমি হাঁটা শুরু করলাম।

132 আর আমি শুনতে পাই কেউ বলছে, "আমি সঙ্কটকালে অতি সুপ্রাপ্য সহায়।" আমি শুধু হাঁটতে থাকলাম।

133 আমি ভাবলাম, "এখন, আমি জানি যে আমি এখন একটু পথ হারিয়েছি, আমি শুনতে পাচ্ছি আমার সাথে একটি কণ্ঠস্বর কথা বলছে।" আমি চলতে থাকলাম। আমি চলতে থাকলাম, "ফিস, ফিস, ফিস," শিস দিচ্ছে, আপনারা জানেন। আমি ভাবলাম, "এখন, আমি হারিয়ে যাইনি। তুমি জানো তুমি কোথায় আছো, বালক! তোমার সমস্যা কি? তুমি হারিয়ে যেতে পারো না। তুমি—তুমি খুব ভাল শিকারী, তুমি হারিয়ে যেতে পারো না।" স্ব-অহংকার, আপনারা জানেন, নিজেকে প্রতারণা করছি।

134 আপনি প্রতারণা করতে পারেন না। *এখানে* ভিতরে একটা ছোট চাকা ঘুরছে, বলছে, "বালক, তুমি হারিয়ে গেছো এবং তুমি জানো তুমি হারিয়ে গেছো। দেখুন, তুমি হারিয়ে গেছো।"

135 আমি এগিয়ে যেতে থাকলাম। "ওহ, আমি হারিয়ে যাইনি! আমি ঠিক হয়ে যাব। আমি আমার পথ খুজে বের করবো।" জিনিসগুলি হাস্যকর দেখতে শুরু করে, বাতাস চলে আসে। তুষার উড়তে শুরু করে, ছোট্ট হোমিনি তুষার, আমরা একে বলি "নিচে পড়া।" আমি ভাবলাম, "একজন স্ত্রী এবং শিশু! আমি নই..." আমি ভাবলাম, "হে, আমার!"

136 সরাসরি আমি আবার শুনলাম, বললো, "আমি সঙ্কটকালে অতি সুপ্রাপ্য সহায়।" আর আমি তখন সুসমাচারের একজন সেবক ছিলাম, এখানে এই ভবনে প্রচার করছিলাম।

137 তাই আমি ভাবলাম, "ঠিক আছে, আমি কি করতে পারি?" আমি থেমে গেলাম, সর্বত্র দেখলাম, এবং ইতিমধ্যে কুয়াশা নেমে এসেছে। আমি...এটাই ছিল। তখন কিছুই করা যেত না। আমি ভাবলাম, "ওহ, আমি কি করতে পারি?" আমি ভাবলাম, "মহাশয়, আমি বেঁচে থাকার উপযুক্ত নই, আমার খুব বেশি আত্মবিশ্বাস ছিল। আমি ভেবেছিলাম আমি একজন শিকারী, কিন্তু আমি নই।"

138 আর, ভাই, আমি সবসময় তাকে বিশ্বাস করেছি। শুটিং, আমি সেখানে রেকর্ড করেছি। এবং একজন জেলে, আমি খুব খারাপ একজন, কিন্তু আমি সবসময় তাকে বিশ্বাস করেছি। শুটিং, আমি খুব খারাপ একজন শুটার, কিন্তু তিনি আমাকে এটাতে বিশ্ব রেকর্ড করতে দিয়েছেন। দেখুন? হরিণ শিকার করেছি, সাতশো, আটশো গজ দূর থেকে। সেখানে একটি বন্দুক পেয়েছিলাম, একটি শট মিস না করেই পঁয়ত্রিশটি খেলার মাথাকে মেরে ছিলাম। যে কোথাও পড়ুন, যদি আপনি পারেন। দেখুন? আমি নই, এটা তিনি। আমি তাকে বিশ্বাস করেছি।

আমি সেখানে ছিলাম, আমি ভাবলাম, "আমি কি করতে পারি ? আমি কি করতে পারি ?"

139 আমি রেখেছিলাম...সেটা কাছে আসতে থাকলো, কাছে আসতে থাকলো, "আমি সঙ্কটকালে অতি সুপ্রাপ্য সহায়, অতি সুপ্রাপ্য সহায়।"

140 আমি ভাবলাম, "ঈশ্বর কি আমার সাথে কথা বলছেন ?" আমি আমার টুপি খুলে ফেললাম। আমার টহল টুপি ছিল, তার চারপাশে লাল রুমাল মোড়ানো ছিল। আমি এটা শুইয়ে দিলাম। আমার কোট খুলে ফেললাম, এটা আর্দ্র ছিল। আর আমি আমার কোট নিচে রাখলাম, আমার বন্দুকটি একটি গাছের পাশে রাখলাম। আমি বললাম, "স্বর্গীয় পিতা, এখন আমি নিজের বাইরে চলে যাচ্ছি, আমি একটি কণ্ঠস্বর আমার সাথে কথা বলতে শুনছি। এটা কি আপনি ?" আমি বললাম, "প্রভু, আমি আপনার কাছে স্বীকার করতে যাচ্ছি যে আমি কোন শিকারি নই। আমি নই, আমি—আমি আমার পথ খুঁজে পাচ্ছি না। আপনাকে আমাকে সাহায্য করতে হবে। আমি বেঁচে থাকার উপযুক্ত নই, এবং আমি যা করেছি তা করছি, এখানে এসে ভাবছি আমি এই সম্পর্কে খুব ভালো করে জানি, হারিয়ে যাওয়ার কথা নয়। আপনাকে আমি চাই, প্রভু। আমার স্ত্রী একজন ভদ্র মহিলা। আমার সন্তান, আমার ছোট ছেলে, তার মা চলে গেছে, এবং তিনি তার মা হওয়ার চেষ্টা করছেন, এবং আমি সবেমাত্র তাকে বিয়ে করেছি। আর এখানে সে, একটি বাচ্চা, সেখানে জঙ্গলে, তারা দুজনেই আজ রাতে মারা যাবে। এই বাতাসে, এটা শূন্যের থেকে নিচে দশ এ নেমে যাবে আর কীভাবে বাঁচতে হবে সেটা তারা জানে না। তারা আজ রাতে মারা যাবে। তাদের মরতে দিও না, ঈশ্বর। আমাকে তাদের কাছে নিয়ে যাও, যাতে আমি দেখতে পাই যে তারা না মারা যায়। আমি হারিয়ে গেছি! আমি হারিয়ে গেছি, ঈশ্বর! আমি—আমি আমার চারপাশে পথ খুঁজে পাচ্ছি না আপনি কি আমাকে সাহায্য করবেন না? আর আমাকে ক্ষমা করুন, আমার নিজের আত্মকেন্দ্রিক পথের জন্য! আমি আপনাকে ছাড়া কিছুই করতে পারি না, আপনি আমার পথপ্রদর্শক। আপনি আমাকে সাহায্য করুন, প্রভু।"

141 আমি উঠলাম, আর আমি বললাম, "আমেন।" আমার রুমালটি তুলে নিলাম; আমার কোট, এটা তুলে নিলাম; আমার টুপিটি আবার রাখলাম; আমার বন্দুক তুলে নিলাম। আমি বললাম, "এখন আমি নিজেকে ভালো ভাবে ঠিক করব যে আমাকে কিভাবে যেতে হবে, আমার সেরা বোধগম্যতার দ্বারা; এবং আমি সোজা

এক পথে যাব, কারণ আমি কোথাও একটা বৃত্তে ঘুরে বেড়াচ্ছি, আমি জানি না কোথায়। কিন্তু প্রভু ঈশ্বর, আমার পথপ্রদর্শক, আপনি যেভাবে আমাকে বলবেন আমি সে পথেই যাব।"

142 আমি *এই* পথে হাঁটতে শুরু করলাম। আমি বললাম, "এটাই সেই পথ, এবং আমাকে এটা বিশ্বাস করতে হবে। আমি *এই* পথে যাচ্ছি। আমি সোজা এই পথে যাচ্ছি। আমি পরিবর্তন করবো না, আমি *এই* পথে যাচ্ছি। আমি জানি আমি ঠিক। আমি *এই* পথে যাচ্ছি।" যদি আমি সেই পথে চলে যেতাম, আমি কানাডায় চলে যেতাম। দেখুন ?

143 ঠিক তখনই আমি অনুভব করলাম আমার কাঁধে কেউ স্পর্শ করেছে, একটি হাত, এটা একজন মানুষের হাতের মতো মনে হল, তাই, আমি তাড়াতাড়ি ঘুরে ঘুরে দেখলাম। সেখানে কেউ দাঁড়িয়ে ছিল না। আমি ভাবলাম, "এটা কি ছিল ?" এখানে আমার সামনে বাইবেল রাখা আছে। ঈশ্বর, আমার পথপ্রদর্শক এবং বিচারক, এখানে দাঁড়িয়ে আছেন। আমি উপরের দিকে তাকালাম। আর ঠিক পিছনে *এই* দিকে, সেই কুয়াশাটি সেরে গেল যেন আমি হারিকেন মাউন্টেনের চূড়ায় দুর্গটি দেখতে পাই। এটার থেকে সরাসরি দূরে চলে যাচ্ছিলাম, আমার শিকারের সেরা যোগ্যতা, আমি এটার থেকে দূরে যাচ্ছিলাম, সন্ধ্যার সময় দেরি হয়ে যাচ্ছিল। আমি দ্রুত ঘুরলাম, নিজেকে *এই* ভাবে অভিমুখ করে। আমি আমার টুপি ধরে হাত উঠালাম, আমি বললাম, "আমাকে পথপ্রদর্শন করুন, ঈশ্বর, আপনি আমার পথপ্রদর্শক।"

144 আমি শুরু করলাম। আমাকে সরাসরি সোজা উপরে যেতে হয়েছিল প্রতারণা এবং সবকিছু সেখানে আসছিল, পরে আর পরে। তারপর অন্ধকার হয়ে গেল। হরিণ আমার সামনে ঝাঁপিয়ে যাচ্ছিল, আর সবকিছু। আমি নিজেকে এই পথে রাখা ছাড়া কিছুই ভাবতে পারিনি, এই পাহাড়ের ঠিক উপরে।

145 আর আমি জানি যদি আমি দুর্গটিতে উঠতে পারি, মিস্টার ডেন্টন আর আমি...আমি সেই বসন্তে তার লাগাতে সাহায্য করেছিলাম। আমরা হারিকেন মাউন্টেন থেকে টেলিফোনের তার লাগিয়ে ছিলাম, প্রায় সাড়ে তিন বা চার মাইল নিচে পর্যন্ত, ঠিক নিচে ছাউনি পর্যন্ত। আর এটা ঠিক একটু পথের নিচে চলে গেছে, কিন্তু, সেখানে তুষারপাত হয়েছে, আপনি পথটি বলতে পারবেন না। দেখুন ? এবং বাতাস বইছে এবং সবকিছু, এটা অন্ধকার এবং তুষারঝড় হচ্ছিল এবং, যাচ্ছেন, আপনি বলতে পারবেন না আপনি

কোথায় ছিলেন। ঠিক আছে, একমাত্র জিনিস যা আমি করতে জানি, অন্ধকার হয়ে যাওয়ার পরে, এবং আমি জানতাম না...আমি জানি আমি এক পথে যাচ্ছিলাম, এবং ঠিক পাহাড়ের উপরে। কারণ আমার পাহাড়ে ওঠার কথা ছিল, এবং দুর্গটি ঠিক পাহাড়ের চূড়ায় অবস্থিত ছিল, আর আমার কাছে পৌঁছানোর জন্য প্রায় ছয় মাইল পথ ছিল। ভাবুন, সেই কুয়াশার সরে যাওয়া, ছয় মাইল, শুধু একটি ছিদ্র, যতক্ষণ না আমি এটা দেখতে পাই!

146 আর তারপরে আমি—আমি আমার *এই* হাতে আমার রাইফেলটি তুলে নিই, আর *এই* হাতটা উপরে করি, কারণ আমি গাছের সঙ্গে সেই—সেই তারটি পেরেক দিয়া আটকে ছিলাম সেটা নিচে নেমে গেছে, কেবিন পর্যন্ত টেলিফোনের তার, যেন সে তার স্ত্রীর সাথে কথা বলতে পারে, এবং তারপর সেখান থেকে ডাকতে পারে, পাহাড় থেকে। আর আমি তাকে শরত্কালে সেটা নিচে নিয়ে যেতে সাহায্য করতে যাচ্ছিলাম। আর আমি আমার হাত *এইভাবে* তুলে রেখেছিলাম, এই বলে, "হে ঈশ্বর, আমাকে সেই তারটি স্পর্শ করতে দিন।" হেঁটে, এবং আমার হাত এত ব্যথা হয়ে যায়, ক্লান্ত হয়ে যায়, আমি খুব কষ্টে এটা ধরে রাখতে পারি, এবং আমাকে এটা নামাতে হল। আর আমি বন্দুকটি সরিয়ে *সেটাতে* রাখি; কয়েক ধাপ পিছিয়ে যাই যাতে আমি নিশ্চিত হই যে এটা হারিয়ে যাইনি, তারপর আমার হাত উপরে তুলে, হাঁটা শুরু করি, হাঁটতে থাকি। দেরি হয়ে যাচ্ছে, অন্ধকার, বাতাস বইছে। ওহ, আমি একটা গাছের ডাল ধরে, আমি বলব, "এটাই! না, এটা নয়।" ওহ, এটা দেয়... তাকে একটা অনিশ্চিত আত্তয়াজ দিতে দেবেন না।

147 কিছুক্ষণ পর, যখন আমি আশা ছেড়ে দেওয়ার জন্য প্রস্তুত ছিলাম, আমার হাতে কিছু আঘাত করে। হে, আমার! আমাকে পাওয়া গিয়েছিল, যখন আমি হারিয়ে গিয়েছিলাম। আমি সেই তারটি ধরেছিলাম। আমি রাইফেলটা নিচে নামিয়ে দিলাম, আমার টুপিটা আমার মাথা থেকে খুলে ফেললাম, আর আমি সেখানে দাঁড়িয়ে থেকে। আমি বললাম, "হে ঈশ্বর, যখন আপনি হারিয়ে যান, তখন খুঁজে পাওয়া কি একটা অনুভূতি।" আমি বললাম, "এই তারের ঠিক শেষ পর্যন্ত, আমি এটা কখনোই ছেড়ে দিব না। আমি এই তারটি ধরে রাখব। এটা আমাকে সরাসরি পথপ্রদর্শন করবে যেখানে এই পৃথিবীতে যা আমার কাছে প্রিয় তার কাছে, ঠিক নিচে সেখানে। আমার স্ত্রী আর সন্তান, উন্মত্তভাবে, আমি কোথায় আছি সেটা জানে না, কিভাবে আগুন জ্বালাতে হয় সেটা জানে না, কি করতে হবে সেটা জানে না, এবং বাতাস বইছে, আর গাছের ডাল ভেঙ্গে

পড়ে যাচ্ছে।" আমি তার ছেড়ে যেতে সাহস পাচ্ছিলাম না। আমি সেই তারটি ধরে রেখেছিলাম যতক্ষণ না এটা আমাকে সঠিক দিক নির্দেশনা দেয় যেখানে পৃথিবীতে আমার প্রিয় সবকিছু ছিল।

148 এটা একটা ভয়ঙ্কর অভিজ্ঞতা ছিল, এবং আমার পথ বের করার জন্য একটি দুর্দান্ত অভিজ্ঞতা, কিন্তু এটা এর অর্ধেকও ছিল না। একদিন আমি পাপে হারিয়ে গিয়েছিলাম। আমি গির্জার পর গির্জায় গিয়েছিলাম, কিছু খুঁজে বের করার চেষ্টা করছিলাম। আমি সেভেন্থ-ডে এডভেন্টিস্টদের কাছে গিয়েছিলাম, তারা আমাকে বললেন, "বিশ্রামবার পালন করুন, মাংস খাওয়া বন্ধ করুন।" আমি ব্যাপটিস্ট চার্চে গিয়েছিলাম, প্রথম ব্যাপটিস্ট চার্চ, তিনি বললেন, "শুধু উঠে দাঁড়ান আর তাদের বলুন যে আপনি ঈশ্বরের পুত্র যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, আর আমি আপনাকে বাপ্তাইজিত করব, এটাই।" সেখানে কিছুই ছিল না। কিন্তু একদিন, একটি কয়লার শেডে, আমি আমার হাত উপরে উঠিয়ে ছিলাম, আমি কিছু একটা ধরলাম; অথবা, আমি বলতে পারি, কিছু একটা আমাকে ধরে ফেললো। এটা ছিল একটা প্রাণ বাঁচানোর দড়ি, পথপ্রদর্শক। এবং তিনি আমাকে এতদূর নিরাপদে নিয়ে এসেছেন, আমি সেই দড়ি থেকে আমার হাত সরিয়ে নেব না। আমি তার হাত ধরে আছি। ধর্মমত, ধর্মসম্প্রদায় যা করতে চায় তা করতে দিন, আমি পথপ্রদর্শককে ধরে রেখেছি। পৃথিবীতে যা কিছু আছে এবং স্বর্গে যা কিছু আছে, আমার কাছে কখনো মূল্যবান, সেটা এই দড়ির শেষে। তিনি আমাকে এতদূর নিরাপদে নিয়ে এসেছেন, আমি বাকি পথ তাকে বিশ্বাস করব। "যখন তিনি পবিত্র আত্মা আসবেন, তিনি আপনাকে পথপ্রদর্শন করবেন এবং আপনাকে সব কিছুর মধ্যে নিয়ে যাবেন..."

149 বন্ধুরা, তিনি আমাকে নিয়ে এসেছেন যেখানে আমি আজ আছি। আমি যা তিনি আমাকে তৈরি করেছেন। আমি আনন্দের সাথে তাকে আপনার সাথে পরিচয় করিয়ে দিতে পারি। তিনি একমাত্র পথপ্রদর্শক যার সম্পর্কে আমি কিছু জানি, এখানে পৃথিবীতে অথবা উপরে সেখানে। যখন আমি শিকারে যাই তখন তিনি আমার পথপ্রদর্শক। যখন আমি মাছ ধরতে যাই তিনি আমার পথপ্রদর্শক। আমি যখন কারো সাথে কথা বলি তখন তিনি আমার পথপ্রদর্শক। আমি প্রচার করার সময় তিনি আমার পথপ্রদর্শক। আমি ঘুমানোর সময় তিনি আমার পথপ্রদর্শক।

150 আর যখন আমার মারা যাওয়ার সময় আসব, তিনি নদীর তীরে দাঁড়িয়ে থাকবেন। তিনি আমাকে পথ দেখিয়ে নিয়ে যাবেন। "আমি কোন মন্দকে ভয় করব না, কারণ আপনি আমার সাথে আছেন।

আপনার দণ্ড এবং আপনার যষ্টি, তারা আমাকে সংশোধন করবে এবং আমাকে নদী পার করবে।”

আসুন আমরা প্রার্থনা করি।

151 স্বর্গীয় পিতা, আমি পথপ্রদর্শকের জন্য কৃতজ্ঞ, যিনি আমাকে পরিচালনা করেন। ওহ্, কখনও কখনও, পিতা, আমি তাকে আমার আশেপাশে শুনতে পাই না, আমি ভয় পেয়ে যাই। আমি তাকে আমার কাছাকাছি চাই কারণ আমি জানি না কোন সময় আমি নদীর উপর দৌড়াতে যাচ্ছি। আমি চাই যেন তিনি আমার কাছে থাকেন। আমাকে কখনো ছেড়ে যাবেন না, প্রভু। আমি কথা বলতে পারি না, আমি প্রচার করতে পারি না, আমি জঙ্গলে শিকার করতে পারি না, আমি তীরে মাছ ধরতে পারি না, আমি আমার গাড়ি চালাতে পারি না, আপনাকে ছাড়া আমি কিছুই করতে পারি না। আপনি আমার পথপ্রদর্শক। আমি আজ রাতে এই মণ্ডলীর কাছে বলতে পেরে অনেক খুশি, কিভাবে আপনি আমাকে এই সব বিষয়ে নির্দেশনা দিয়েছেন, আপনি আমাকে কিভাবে এনেছেন!

152 আমি অন্য একদিন ভেবেছিলাম; কয়েক বছর আগে, এখানে রাস্তায় দাঁড়িয়ে, কারণ আমার পরিবার ভুল করেছিল, কেউ আমার সাথে কথা বলবে না। সহভাগিতার জন্য আমি একাকী ছিলাম। কেউ আমার সাথে কিছু করতে চায়নি। তারা বলেছিল, “তার বাবা একজন অবৈধ ব্যবসায়ী।” এবং, প্রভু, দেখেছি কেউ আমার সাথে কথা বলবে না। আর আমি মানুষকে ভালোবাসি। কিন্তু একদিন যখন আমি সেই দড়িটি ধরে ফেললাম! এখন আমি ভাবি, প্রভু, আমাকে একটু সরে যেতে হবে এবং একটু বিশ্রামের জন্য বনে যেতে হবে। এটা কি করেছে? ব্যক্তিত্ব নয়, শিক্ষা নয়; আমার কিছুই নেই। কিন্তু এটা আপনিই ছিলেন, প্রভু। আপনি, প্রভু। আপনি আমাকে লক্ষ্য স্থির করতে দিয়েছেন, আপনি আমাকে বড় মাছ ধরতে দিয়েছেন, কারণ আপনি জানেন আমি এটা করতে চেয়েছিলাম। আপনি আমাকে বাবা ও মা দের দিয়েছেন। আপনি আমাকে ভাই ও বোন দের দিয়েছেন। আপনি আমাকে আমার স্বাস্থ্য দিয়েছেন। আপনি আমাকে স্ত্রী দিয়েছেন। আপনি আমাকে পরিবার দিয়েছেন। আপনি আমার পথপ্রদর্শক, প্রভু। আমাকে আপনার হাত ধরতে দিন, আমাকে কখনই আলগা হতে দিয়েন না। যদি এক হাত ক্লান্ত হয়ে যায়, আমি হাত পরিবর্তন করব। আমাকে সাহায্য করুন, প্রভু।

153 আর এখন এখানে যেন প্রত্যেকে সেই একই প্রাণ বাঁচানোর দড়ি ধরে রাখতে পারে, প্রভু, পবিত্র আত্মা যিনি আমাদের জীবন, জীবন

দানকারী সম্পদ। আর তিনি আমাদের সবাইকে অদূরে সেই সুখী দেশের দিকে পরিচালিত করতে পারেন, যেখানে জীবনের পরিশ্রম শেষ হয়েছে এবং পৃথিবীতে আমাদের কাজ শেষ হয়েছে, এবং তখন আর বার্ধক্য থাকবে না, দুর্বল মানুষ থাকবে না, আর ক্লান্তিকর রাত থাকবে না, আর কান্না ও প্রার্থনা নয়, আর বেদীর ডাক নয়, কিন্তু আমরা সেখানে চিরকাল তরুণ থাকব, অসুস্থতা এবং দুঃখ আর থাকবে না। সেখানে আর পাপ থাকবে না, এবং আমরা আগামী সব যুগে ধরে ঈশ্বরের ধার্মিকতায় জীবিত থাকব, নিরবচ্ছিন্ন অনন্তকালে ধরে। এটা প্রদান করুন, পিতা।

154 আর এখন, পিতা, যদি আজ রাতে এখানে কেউ থাকেন যিনি কখনো সেই প্রাণ বাঁচানোর দড়ি ধরেন নি, তারা যেন এখনই এটা খুঁজে পান। এবং পবিত্র আত্মা যিনি আমাকে পথ দেখিয়েছেন... এবং আমি আমার হৃদয় থেকে বলতে পারি, আপনার বাক্যের উপর আমার হাত রেখে, তিনি সর্বদা সঠিক ছিলেন। আমি অনেকবার ভুল করেছি। কিন্তু তিনি সঠিক। তাকে আমার সঙ্গে থাকতে দিন, প্রভু। আমাকে তার সাথে থাকতে দিন। আর এখানে অন্যরা, যারা আজ রাতে তাকে চেনে না, তারা যেন তার অপরিবর্তনীয় হাত ধরেন, যাতে তারা পথনির্দেশিত হতে পারেন।

155 আর একদিন আমরা নদীর কাছে আসবো। সেদিন সকালেও কুয়াশা থাকবে। পুরনো সমুদ্র গর্জন করবে, পুরনো যর্দ্দন, ঢেউ আছড়ে পড়বে, মৃত্যু আমাদের জীবনকে শ্বাসরোধ করবে। কিন্তু, ঈশ্বর, আমি—আমি ভয় পাব না। আমি এটা অনেক আগে নিষ্পত্তি করেছি। আমি শুধু একজন যোদ্ধা হিসেবে, শিরস্ত্রাণ খুলে ফেলতে চাই, ঘুরে দাঁড়াতে চাই, সেই দড়ি আমাকে কোথায় পথ দেখিয়েছে তা দেখতে পথের দিকে ফিরে তাকান। আমি যে বনভূমি দিয়ে এসেছি সেটা দেখুন, এবং প্রতিটি বাধা এবং পাথরের প্রতিটি স্তূপ যেটাতে আমি আঘাত পেয়েছি, কিন্তু সেই দড়ি ধরে। আপনি যেমন বলেছেন, পদ্যলেখক বলেছেন, "কিছু জলের মাধ্যমে, এবং কিছু বন্যার মাধ্যমে, কিছু গভীর পরীক্ষার মাধ্যমে, কিন্তু সবাই রক্তের মাধ্যমে।" আর আমি এটা নিতে চাই, এখানে সেই পুরানো তলোয়ার, যেটা আমাকে রাস্তায় রক্ষা করেছে, আর এটাকে তার খাপে ভিতরে রাখুন, চিৎকার করুন, "পিতা, আজ সকালে নৌকা পাঠিয়ে দিন, আমি ঘরে আসছি।" আপনি সেখানে থাকবেন, প্রভু। আপনি এটা প্রতিশ্রুতি দিয়েছিলেন। আপনি ব্যর্থ হতে পারবেন না।

156 এখন যারা এখানে আছেন তাদের সবাইকে আশীর্বাদ করুন। আর যদি তারা এই দড়ি কিভাবে ধরে রাখতে হয় তা না জানেন,

এবং এটাকে কখনো স্পর্শ না করে থাকেন, পবিত্র হাত এখন উঠুক, আগ্রহী হাত, আকাঙ্ক্ষিত হাত, এবং প্রাণ বাঁচানোর দড়িটি স্পর্শ করুন যেটা তাদের হৃদয়ের আকাঙ্ক্ষার দিকে নিয়ে যাবে, সিদ্ধ শান্তি এবং সন্তুষ্টি, খ্রীষ্টে বিশ্রাম।

157 আমাদের মাথা নত করে, সেখানে কি কেউ হাত উঠিয়ে বলবেন, "আমাকে। আমার হাত ধরুন"? ওহ, ঈশ্বর আপনার মঙ্গল করুন।

> যখন পথ ক্রমবর্ধমান বিষণ্ন হতে থাকে, মূল্যবান প্রভু, কাছে থাকুন,
> যখন আমার জীবন প্রায় শেষ হয়ে যাবে;
> সেই নদীতে যখন আমি দাঁড়াব, আমার পা পরিচালনা করুন, আমার হাত ধরুন,
> আমার হাত ধরুন, মূল্যবান প্রভু, আমাকে এগিয়ে নিয়ে যান।

158 আরেকজন কি তার হাত উঠাবেন, বলুন, "প্রভু, আমি আজ রাতে প্রাণ বাঁচানোর দড়ির স্পর্শ অনুভব করতে চাই। আমি অনুভব করতে চাই যে খ্রীষ্ট আমাকে আমার পাপ ক্ষমা করেছেন, এবং আমি এই সময় থেকে একটি নতুন প্রাণী হতে চাই"? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আরেকজন কি বলবেন, "প্রভু, আপনাকে স্পর্শ করতে দিন। আমাকে নিজেকে হারিয়ে যেতে দিন"? ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন। "আমাকে নিজেকে হারিয়ে যেতে দিন, এবং খুঁজে পাই, প্রভু, আপনার মধ্যে।" ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। সেটা ঠিক। "আমাকে নিজেকে হারিয়ে যেতে দিন, প্রভু। আমাকে ভুলে যেতে দিন।" ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই। "আমাকে..." ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন। "আমাকে আমার সমস্ত জ্ঞান হারিয়ে যেতে দিন।" ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন। মানবসৃষ্ট স্কিমগুলিতে বিশ্বাস করবেন না। পথপ্রদর্শককে অনুসরণ করুন, তিনি আপনাকে সমস্ত সত্যের দিকে পরিচালিত করবেন। "আমাকে পরিচালনা করুন, প্রভু যীশু, আমাকে পরিচালনা করুন।" পিছনে সেখানে ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। ওহ, অনেক হাত উঠে গেছে, পরিত্রাণ চাইছে। এখন যখন আমরা...

159 এখানে বেদীতে, আপনি বেদীতে আসতে বলতে পারবেন না, কারণ লোকেরা বসে আছে। কিন্তু তিনি ঠিক এখানেই আছেন। আপনি ভাল জানেন, যখন আপনি হাত তুলেছিলেন, আপনার

হৃদয়ে কিছু ঘটেছিল। যীশু বলেছেন, "যে ব্যক্তি আমার বাক্য শুনে ও যিনি আমাকে পাঠাইয়াছেন তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে।" মানে? তারপরে সেখানে সরোবরে জল ভরা আছে। বাপ্তিস্মার জন্য প্রচুর সময় আছে। আসুন আমরা প্রার্থনা করি।

160 আমাদের স্বর্গীয় পিতা, এই ছোট্ট খন্ডিত বার্তাটি আজ রাতে এই কর্কশ কণ্ঠস্বর দিয়ে, পবিত্র আত্মা নিশ্চয়ই কারো মধ্যে গেছেন। তিনি সেখানে গেছেন যেখানে যাওয়ার উদ্দেশ্য ছিল, আর সেখানে অনেকে আছেন, প্রভু, আজ রাতে, পনেরো বা বিশ জন হাত তুলেছেন, যে তাদের পথপ্রদর্শকের প্রয়োজন আছে। তাদের বুঝতে দিন যে তারা নিজেদের বোকা বানানোর চেষ্টা করছে। তারা বলার চেষ্টা করছে "আমি ঠিক আছি," কিন্তু গভীরভাবে তারা জানে যে তারা ঠিক নেই। আর তারা আপনাকে অনুভব করতে চায়, প্রভু। তারা পথপ্রদর্শকে চায়। তারা নিবন্ধীকরণ করতে চায়। আপনার কাছে স্থান কখনোই ফুরিয়ে যায় না। তারা এই ভ্রমণের জন্য নিবন্ধীকরণ করতে চায়। তারা জানেন না কিভাবে সেখানে যেতে হয়। তাদেরকে সেখানে কিভাবে নিয়ে যেতে হয় তা কেউ জানে না; শুধু একমাত্র আপনি। তারা ঈশ্বরের প্রদত্ত পথপ্রদর্শকের জন্য আসছে, পবিত্র আত্মার জন্য। তারা তাদের হাত তুলেছে।

161 হে পবিত্র আত্মা এবং পথপ্রদর্শক, তাদের উপর নেমে আসুন। প্রতিটি পাপ ক্ষমা করুন। তাদের অন্যায় ক্ষমা করুন। আজ রাতে তাদের খ্রীষ্টের দেহে নিয়ে যান, যেখানে তারা সেই তারের মধ্য দিয়ে প্রবাহিত ঈশ্বরের স্রোতকে অনুভব করতে পারে যেটা তাদেরকে যর্দ্দনের দিকে এবং যর্দ্দন থেকে প্রতিশ্রুত দেশে নিয়ে যাবে। তারা যেন সরাসরি বাক্যের পিছনে চলে। বাক্য বলে, "মন ফিরাও, এবং যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও।" তারা যেন অন্যভাবে চেষ্টা না করে। তারা যেন বাক্যের ঠিক পিছনে চলতে পারে, কারণ তিনিই একজন যিনি পথপ্রদর্শক। সেটাই হল—সেটাই আরোহণের ধাপ যতক্ষণ না আমরা পথপ্রদর্শকে ধরতে পারি। এটা প্রদান করুন, প্রভু। তারা আপনার হউক। তারা এখন আপনার হাতে, ট্রফি হিসাবে, কোনও মানুষ তাদেরকে তুলে ফেলতে পারে না। আমি বিশ্বাস করি যে আপনি তাদের উদ্ধার করবেন, পরিত্রাণ প্রাপ্ত মানুষ হিসেবে। আমি বিশ্বাস করি তারা তাদের হাত উঁচু করেছে, তারা নিজেদের থেকে এটা করতে পারত না যদি না তাদের সাথে কেউ কথা বলে থাকে। সেটা আপনি ছিলেন, পবিত্র আত্মা আর পথপ্রদর্শক।

162 তারা দেখছে যে সময় শেষ হচ্ছে, কুয়াশা পৃথিবীতে উপরে আসছে, বিশাল ধর্মমত আর—আর বিষয়গুলি একত্রিত হচ্ছে, গীর্জাগুলি সংঘবদ্ধ হচ্ছে, একত্রিত হচ্ছে। আর, হে ঈশ্বর, তারা কত বলার চেষ্টা করছে, "যাদের একটি বিশেষত্ব আছে তাদেরকে এখান থেকে ছেড়ে আলাস্কায় যেতে হবে।" আর এই সমস্ত বিষয়গুলি যেটা তারা হুমকি দিচ্ছে, এটা আমাদের জন্য নতুন নয়, মহান পথপ্রদর্শক আমাদের সেটা দেখিয়েছেন বাক্যের পথে। আমরা শুধু সেই অংশ দিয়ে যাচ্ছি।

163 পিতা ঈশ্বর, আপনি আজ রাতে তাদের সাথে কথা বলেছেন, এবং আমি তাদেরকে এখন আপনাকে দিয়েছি বাক্যের ট্রফি হিসেবে। যীশুর নামে।

164 এখন, এখানে ডেস্কে রাখা আছে, পিতা, রুমালগুলি, এটা অসুস্থ ব্যক্তিদের জন্য, হয়তো, কোনো ছোট শিশু, কোনো মা, কোনো বোন, কোনো ভাই; হয়তো ছোট চুলের পিন তাদের মধ্যে আটকে আছে। আর এখন আমি তাদেরকে আমার কাছে ধরে রাখি। এখন, আমাদের বাইবেলে শেখানো হয়েছে যে তারা পৌলের শরীর থেকে রুমাল এবং গামছা নিয়েছিল, এবং অসুস্থ মানুষ সুস্থ হয়ে উঠেছিল, অশুচি আত্মা মানুষের থেকে বাইরে চলে যেত। এখন আমরা বুঝতে পারি, প্রভু, পৌল একজন মানুষ ছিলেন, তিনি কেবল একজন মানুষ ছিলেন। কিন্তু এটা পবিত্র আত্মার অভিষেক ছিল যেটা তার উপরে ছিল যিনি রুমালকে আশীর্বাদ করেছিলেন, এবং মানুষের বিশ্বাস ছিল যে তিনি আপনার প্রেরিত। এখন পৌলকে আমাদের কাছ থেকে নিয়ে নেওয়া হয়েছে, কিন্তু পথপ্রদর্শককে নয়, তিনি এখনও এখানে আছেন। আর, ঈশ্বর, আমি প্রার্থনা করি যেন আপনি এই রুমালগুলিতে আশীর্বাদ করেন, এবং পথপ্রদর্শক যেন তাদের সেই জায়গায় নিয়ে যেতে পারে, সম্পূর্ণ আত্মসমর্পণে।

165 আমাদের আবার বলা হয়েছে যখন ইস্রায়েল তাদের পথপ্রদর্শককে অনুসরণ করছিল, এবং তারা যর্দ্দনের কাছে এসেছিল, ঠিক নিচে (বরং) লোহিত সাগরে। কর্তব্যের সীমানার মধ্যেই তাদের থামিয়ে দেওয়া হয়েছিল, এবং পথপ্রদর্শক তাদের সেখানে নিচে নিয়ে গেলেন। কি? তাঁর মহিমা দেখানোর জন্য। আর যখন সমস্ত আশা শেষ হয়ে যায়, তখন ঈশ্বর সেই আগুনের স্তম্ভের নীচে তাকান, এমনকি বয়স্ক মৃত সাগরও ভয় পেয়ে গেল এবং সে ফিরে গেল, এবং প্রতিশ্রুত দেশে যাওয়ার জন্য ইস্রায়েলের জন্য একটি পথ তৈরি করা হয়েছিল।

166 সত্যিই, প্রভু, আপনি এখনও একই ঈশ্বর। এই লোকেরা হয়তো খ্রিস্টান, তারা হয়তো ঠিক কর্তব্যের পথে, কিন্তু তাদের এই কোণযুক্ত স্থানে নিয়ে আসা হয়েছে যেখানে অসুস্থতা তাদের কোণঠাসা করে রেখেছে। আজ রাতে যীশুর রক্তের মধ্য দিয়ে দেখুন, সেই শয়তান ভয় পায়ে যাবে, সে ফিরে যাবে, এবং আপনার সন্তানরা সুস্বাস্থ্যের প্রতিশ্রুতির মধ্যে চলে যাবে। এটা প্রদান করুন, পিতা। আমি আমার দেহ থেকে তাদের কাছে পাঠাই যীশু খ্রীষ্টের নামে।

167 আমি আপনার সামনে এই মণ্ডলীকে তুলে দিচ্ছি, বিশ্বাসের দ্বারা আমি তাদেরকে স্বর্গে ঈশ্বরের মহিমান্বিত বেদীতে নিয়ে যাই। অসুস্থতার প্রতিটি আকাঙ্ক্ষার জন্য, তাদের যা কিছু আছে যেটা ভুল, তাদের জীবনে কোথাও যা কিছু ভুল আছে, ঈশ্বর, তাদের শুদ্ধ করুন, তাদেরকে আপন করে নিন। তাদের সুস্থ করুন, পিতা। আর সেই শক্তি যিনি যীশুকে কবর থেকে উঠিয়েছেন, তাদের নশ্বর দেহকে ত্বরান্বিত করুন এবং খ্রীষ্টে তাদের নতুন সৃষ্টি করুন। তাদেরকে সুস্বাস্থ্য এবং আপনাকে সেবা করার শক্তি দিন।

168 আমাকে স্মরণ করুন, হে প্রভু। আমি আপনার দাস। প্রার্থনার প্রয়োজনে দাঁড়িয়ে আছি, আমাকে সাহায্য করুন। আর আমি প্রার্থনা করি যে পবিত্র আত্মা আমাদের পথ দেখাবেন এবং আমাদের ব্যবহার করবেন, এবং যীশু খ্রীষ্টকে তাঁর মহিমান্বিত আগমনে সামনাসামনি দেখা পর্যন্ত আমাদের পরিচালনা করুন যখন আমরা স্বর্গারোহণ এর সময় আকাশে তার সাথে দেখা করি। খ্রীষ্টের নামে আমরা এটা চাই। আমেন।

> আমি তাকে ভালবাসি, আমি...(আপনি কি ভালোবাসেন?)
> কারণ তিনি আমাকে প্রথম ভালোবেসেছেন
> আর আমার পরিত্রাণ ক্রয় করেছেন
> কালভেরীর বৃক্ষে।

169 এখন, যদি আপনারা একে অপরকে না ভালোবাসেন যাকে আপনারা দেখেছেন, আপনি তাকে কীভাবে ভালোবাসবেন যাকে আপনি দেখেননি? এখন যখন আমরা গান করি *আমি তাকে ভালবাসি*, আসুন আমরা আমাদের পাশের জনের সঙ্গে ভালবাসার আন্তরিক হাত মিলাই।

> আমি তাকে ভালবাসি...

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন... ?...ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন... ?...ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন... ?... ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই নেভিল... ?...উহ্-হু। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন... ?...

কালভেরীর বৃক্ষে।

এখন আসুন আমরা তাঁর দিকে হাত উঠাই।

আমি তাকে ভালবাসি, আমি তাকে ভালবাসি
কারণ তিনি আমাকে প্রথম ভালোবেসেছেন
আর আমার পরিত্রাণ ক্রয় করেছেন
কালভেরীর বৃক্ষে।

170 একটি ভাল গানের জন্য, আপনি কি একটি শুনতে চান? আমি জানি যে ইন্ডিয়ানাপলিস থেকে আমাদের এখানে একজন ধর্মপ্রচারক সঙ্গীত পরিচালক আছেন। আমি বিশ্বাস করি তিনি ক্যাডেল টেবারনেকলে গান করেন। এটা কি ঠিক? ঠিক আছে, মহাশয়। ক্যাডেল টেবারনেকলে সেটাই তার স্থান। ই হাওয়ার্ড ক্যাডলের কথা কতজনের মনে আছে? হে, আমার! ঈশ্বর তার মূল্যবান আত্মাকে শান্তি দিন। বাতাসের মকিংবার্ড, একজন মহিলা যার গান আমি শুনতে পছন্দ করতাম, আমি আমার জীবনে যত জনকে গান গাইতে শুনেছি তাদের চেয়ে ভাল, তিনি মিসেস ক্যাডেল, তার গাওয়া গান, "আপনি কি আজ সকালে আপনার ঘর থেকে বের হয়েছেন, আপনি কি আমাদের ত্রাণকর্তা খ্রীষ্টের নামে প্রার্থনা করার কথা ভেবেছেন, আজ একটি ঢাল হিসাবে?"

171 এক সকালে ঠিক রাস্তার ওপারে, একটি ছোট পুরানো দুই কক্ষের কুটীর ঘরে, আমি উঠলাম, ভিতরে গিয়ে আগুন জ্বালাতে যাচ্ছিলাম। স্টোভ জ্বলছিল না। আর আমি এটা জ্বালাতে চেষ্টা করেছি, আর বাতাস চলে আসে, জিনিসটা উড়িয়ে আমার মুখে ফেলে দেয়। আর এটা ঠান্ডা ছিল, এবং আমি জমাট বেঁধে গিয়েছিলাম। আর পুরো মেঝে জুড়ে তুষার ছিল, এবং আমি খালি পায়ে ছিলাম; এই ছোট্ট টিনের স্টোভ জ্বালাতে চেষ্টা করছিলাম, তার উপর ছোট ওভেন পাইপ ছিল। আর আমি শুধু...মেডা ও আমি সবেমাত্র বিয়ে করেছি। আর আমি চেষ্টা করছিলাম, পুরানো ভেজা কাঠ ছিল আর সেটা জ্বলতো না, আর আমি সেখানে বসে ছিলাম, আমি ভাবলাম, "হে, আমার! আমি এটা আবার চেষ্টা করব।" কাজে করতে হয়েছিল, আর সেই পুরানো স্টোভকে *এইভাবে* হাওয়া করতে হয়েছিল। আর আমি গিয়ে রেডিও চালু করলাম,

আর তিনি গান গাইতে শুরু করলেন, "আপনি কি আজ সকালে আপনার ঘর থেকে বের হয়েছেন, আপনি কি প্রার্থনা করার কথা ভেবেছিলেন," আমি মেঝেতে পড়ে গেলাম, "আমাদের ত্রাণকর্তা খ্রীষ্টের নামে, আজ একটি ঢাল হিসাবে ?" ওহ, আমি সেই মহিলার কণ্ঠ শুনতে কত ভালবাসি!

172 যখন আমি নদী পার হয়ে যাই, আমি বিশ্বাস করি আমি সেখানে বসে মিসেস ক্যাডেলকে শুনতে পাবো। আপনারা জানেন, আমি সবসময় একটি অ্যাপয়েন্টমেন্ট করেছি। নদীর এই পাড়ে, সেখানে সেই চিরসবুজ গাছ আছে, আপনারা জানেন, জীবনের বৃক্ষ; এবং নদীর ওপারে, সেখানে একটি স্বর্গদূতদের গায়কদল আছে যারা দিবা রাত্র গান গায়, কারণ সেখানে রাত নেই, সারাদিন গান গায়, দেখুন। আমি নিজের জন্য একটি জায়গা খুজে নিয়ে বসে আর এটা শুনব। আমি বিশ্বাস করি আমি সেখানে মিসেস ক্যাডেলকে গান গাইতে শুনব।

173 ঈশ্বর আমাদের ভাইকে আশীর্বাদ করুন। আমি তার নাম ভুলে গেছি। তার নাম কি, ভাই? [সেই ভাই বললেন, "নেড উলম্যান।"—সম্পাদক।] ভাই নেড উলম্যান এখন আপনার জন্য গান গাইবেন। ভাই উলম্যান, আজ রাতে আপনাকে পেয়ে খুশি হলাম। [ভাই উলম্যান গান গাইলেন *আমার হৃদয়ের ভজনালয়*।]

পথপ্রদর্শক BEN62-1014E

(A Guide)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সন্ধ্যায়, ১৪ অক্টোবর, ১৯৬২ খ্রিস্টাব্দে, মার্কিন যুক্তরাষ্ট্রের ইন্ডিয়ানা, জেফারসনভিলের ব্রানহাম ট্যাবারনাকেলে, প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2021 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org